জলাবদ্ধতার মূল কারণগুলি মোকাবেলা করে, নিজ গড্ডিমারী কমিউনিটি তাদের জীবিকা পুনরুদ্ধার করেছে, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করেছে এবং কমিউনিটির বন্যা-সহনশীলতা বৃদ্ধি করেছে। মজবুত নিষ্কাশন অবকাঠামো কৃষি জমিকে সুরক্ষিত করেছে, জীবিকা রক্ষা করেছে এবং দৈনন্দিন জীবনে স্বাভাবিকতা ফিরিয়ে এনেছে, যা শিক্ষার্থীদের স্কুলে যেতে এবং গবাদি পশু চরাতে সক্ষম করেছে।

এই উদ্যোগটি সক্রিয় কমিউনিটির অংশগ্রহণ, স্থানীয় কর্তৃপক্ষের সাথে কার্যকর অংশীদারিত্ব এবং সক্রিয় দুর্যোগ ব্যবস্থাপনার গুরুত্ব তুলে ধরে। কংক্রিট ড্রেন নির্মাণের মতো টেকসই সমাধান বন্যা-সহনশীলতার উপাদান এবং দৈনন্দিন জীবনের ধারাবাহিকতা সুরক্ষিত নিশ্চয়তা এবং টেকসই উন্নয়নের দীর্ঘমেয়াদী মূল্যের ভৌত স্থাপন।

### নিজ গড্ডিমারী মডেল না থাকলে আজ কী হতো?

নিজ গড্ডিমারী মডেল না থাকলে, দীর্ঘায়িত জলাবদ্ধতা সম্ভবত এখনও এই অঞ্চলে জর্জরিত হতো, ৪,৫০০ জন মানুষের জীবনকে মারাত্মকভাবে ব্যাহত করতো এবং ১০০ হেক্টরেরও বেশি কৃষি জমি বিপন্ন করতো। স্বাভাবিক কৃষি-চক্র বাধাগ্রস্ত হতো, যার ফলে আমন ধান ঘরে তোলা যেত না, জীবিকা দুর্বল হতো এবং কৃষি উৎপাদনশীলতা হ্রাস পেতো। প্রাত্যহিক জীবন অস্থিতিশীলতায় চিহ্নিত হতো, বন্যার কারণে শিক্ষার্থীরা স্কুলে যেতে অক্ষম এবং জলাবদ্ধ জমিতে গবাদি পশু চরানো অসম্ভব হয়ে পড়তো।

এই উদ্যোগের অনুপস্থিতি কোনো টেকসই ব্যবস্থা ছাড়াই কমিউনিটিকে পুনরাবৃত্ত পরিবেশগত ধাক্কার ঝুঁকিতে ফেলতো। বন্যা-সহনশীলতা এই অভাব অর্থনৈতিক এবং পরিবেশগত অস্থিতিশীলতাকে স্থায়ী করতো, যা কমিউনিটিকে ভবিষ্যত চ্যালেঞ্জগুলির সাথে খাপ খাইয়ে নিতে বা পুনরুদ্ধার করতে পারত না।

### শিক্ষণীয় এবং প্রতিলিপির সম্ভাব্যতা

নিজ গড্ডিমারীর সাফল্য কমিউনিটির অংশগ্রহণ, সহযোগিতামূলক সমস্যা সমাধান এবং কৌশলগত সম্পদ ব্যবহারের রূপান্তরকারী শক্তি প্রদর্শন। CRAG, অংশীজনের সম্পৃক্ততা, রিসোর্স মোবিলাইজেশন এবং স্থিতিস্থাপক অবকাঠামো নির্মাণের সাথে জড়িত হয় একটি ব্যাপক পদ্ধতির মাধ্যমে; উদ্যোগটি বন্যা-সম্পর্কিত চ্যালেঞ্জ মোকাবেলার জন্য একটি প্রতিলিপিযোগ্য মডেল তৈরি করেছে।

নিজ গড্ডিমারীর অনুকরণীয় মডেল দেখিয়েছে কিভাবে কৌশলগত পরিকল্পনা, শক্তিশালী অংশীদারিত্ব এবং টেকসই অবকাঠামো প্রতিকূলতাকে সুযোগে পরিণত করতে পারে। মডেলটির দিকনির্দেশনা, এই সাফল্যের গল্পটি বাংলাদেশ এবং এর বাইরে অন্যান্য বন্যাপ্রবন কমিউনিটিগুলির জন্য একটি অনুপ্রেরণা হিসাবে কাজ করবে, কমিউনিটি-চালিত সমাধানগুলির জন্য একটি বাস্তব ব্লুপ্রিন্ট প্রদান করবে।

**এই উদ্যোগের মাধ্যমে কমিউনিটির সক্রিয় অংশগ্রহণ, স্থানীয় কর্তৃপক্ষের সহযোগিতা এবং দুর্যোগ মোকাবিলায় সমন্বিত প্রচেষ্টার গুরুত্ব স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে।**

06

# The RSHG: A platform for building flood resilience among every-day poor women



*Joyful Begum (31) aspires to become a tailor and is currently learning to sew. After migrating to one of the raised houses in Kajir Char, Vati Kapasia, in August last year (2023), she now lives with her husband, son, and daughter. She intends to earn to afford the expenses of education for her children. Photo: Saikat Mojumder/Concern Worldwide*

## The context

The lives of hundreds of every-day poor women in the flood-affected areas under the Flood Resilience Project (FRP) had been embedded in poverty due to severe financial hardship. They didn't afford three meals a day. The meal items they could afford was a bowl of rice and a single piece green chili. They didn't know how to cope with seasonal floods. They didn't know mechanisms of early preparedness against the flood events. Being powerless, domestic violence was a part of their life. They used to think, that was their destiny and that was their life, granted by God.

## The process of building the platform

The savings and funding mechanism: Recognizing the pressing need for financial inclusion and sustainable recovery, Gana Unnayan Kendra (GUK), the partner of the Flood Resilience Project (FRP), developed a plan to establish a network of Resilience Self-Help Groups (RSHGs). One RSHG comprised of 25 all-women members. They were to sit together once a month in one of the houses volunteered by a member. In the monthly meetings, each member to bring a set-amount of money and put it into a box. Towards the end, one member to receive the whole money in the box through a lottery.

Eventually, the revolving fund would cover each member in turn. Once the cycle completes, the fund receiving cycle will re-start.

Utilization of the received fund: Individuals were their own freedom to utilize their received fund. Preferably, they opted for small enterprises, such as goats and poultry. The extra money for initiating their preferred enterprises came from their household partners.

Capacity development support: The GUK provided training on the knowledge of savings and entrepreneurial skills. Training emphasized on flood-smart homestead vegetable production, such as 'sack gardening', flood-smart goat and poultry production, such as keeping them on raised platforms during flooding, and livestock health care such as using vaccination.

### The outputs and outcomes

Each and every member of RSHG has established homestead vegetable garden; they are raising small animals and poultry. Data shows, 1,743 members of 105 RSHGs, has generated BDT 34,82,7300 last year. This initiative encouraged saving habits and supported economic resilience by enabling community members to invest in flood preparedness measures, such as raising latrines, renovating house, purchasing livestock, spending on education and health.

This extra supply of vegetables reduced vegetable price hike in local markets. The members not only consuming vegetables on their own, but also offering to their neighbors which creating social bonding.

The RSHG model, rooted in the principles of collective action and community ownership, proved to be a transformative force in the region. By providing members with essential financial management training and access to interest-free revolving funds, the initiative enabled them to reclaim control over their lives and livelihoods, shattering the shackles of debt and vulnerability.

The success of the RSHG model in the project areas has not gone unnoticed. Experts in the field of community resilience have praised the initiative, acknowledging its ability to tackle the financial challenges faced by flood-affected communities while promoting long-term development and self-sufficiency.

**"The initiative as the RSHGs is taking may be small with respect to monetary capital, but the effect is noteworthy," remarked a local community leader. "With small capital, they are growing their resources, especially in the goat enterprise. They are keep going and sticking on; I do appreciate and thank FRP for facilitating; a good lesson for resource-poor individuals."**

On social aspect, domestic violence has almost erased; husbands now count their wives, as the latter gained economic power. In fact, RSHG platform has empowered downtrodden women.

### Towards sustainability

Across the region, community members banded together, harnessing their collective strength to rebuild homes, restore livelihoods, and invest in agriculture and small businesses – all without the burden of high-interest debt. There are 179 RSHG in the region with the total members of 4,372.

The revolving fund model, coupled with the emphasis on financial inclusion and women's empowerment, fostered a sense of ownership and self-reliance among the RSHG members. This, in turn, strengthened the community's ability to withstand future crises, ensuring that the hard-won gains of the post-flood recovery would be safeguarded for generations to come.

### Resilience

The revolving fund model proved crucial for sustainable recovery, enabling resilience, self-reliance, and long-term development in flood-affected areas by promoting accessible, community-driven financial support. The transformative power of the RSHG model continued to unfold as GUK further empowered the group by supplying them with poultry and goats. This diversification of livelihood activities not only enhanced the community's food security but also bolstered their economic resilience, setting the stage for long-term development.

As the RSHG and its counterparts continue to thrive, this story serves as a powerful testament to the transformative potential of community-driven solutions. By empowering individuals, nurturing collective responsibility, and cultivating financial resilience, the RSHG initiative has paved the way for a more equitable and sustainable future, one that resonates with the resilience and determination of the Bangladeshi people.

The members now know the essentiality of an extra mud-oven during flooding; they know where to shelter animals and humans during severe flooding; they know and adopted flood-smart vegetable and animal production systems – all of those are example of resilience stem through RSHG platform.

### What would have happened today without the RSHG platform?

Empowerment of the poor women unfolded in the villages such as in Vati Kapasia, where Ms Mukta Begum, the secretary of a CRAG, emerged as a beacon of hope. Prior to her involvement with the RSHG, Mukta's knowledge of savings and entrepreneurial skills were limited, leaving her family to rely solely on subsistence farming. However, the tide began to turn as Mukta and her fellow group members immersed themselves in the RSHG's activities. This would have been completely opposite to Mukta and women like her without the RSHG platform.

### Lessons learnt and potential for scalability

The lessons learnt from the Sundarganj experience highlight the effectiveness of Self-Help Groups in fostering community ownership, financial inclusion, and women's empowerment.

As the FRG-GUK collaboration continues to inspire and empower communities across Sundarganj, the echoes of Mukta's transformation and the collective resilience of the SHG members will continue to reverberate, serving as a beacon of hope for those seeking to overcome the challenges of natural disasters and build a more resilient future.

FRP GP-06

# RSHG: হত-দরিদ্র নারীকুলের বন্যা-সহনশীলতার মঞ্চ

06



জয়ফুল বেগম (৩১) একজন দর্জি হতে চান এবং বর্তমানে সেলাই শিখছেন। গত বছর (২০২৩) আগস্টে কাজির চরের ভাটি কাপাসিয়া নামক একটি উঁচু বাড়িতে চলে আসার পর, তিনি এখন তার স্বামী, ছেলে ও মেয়ের সাথে থাকেন। তিনি তার সন্তানদের পড়াশোনার খরচ জোগানোর জন্য উপার্জন করতে চান।
ছবি: সৈকত মজুমদার / কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড

## পটভূমি

ফ্লাড রেজিলিয়েন্স প্রজেক্ট (FRP) এর আওতায় বন্যা কবলিত অঞ্চলে প্রতিদিন শত শত দরিদ্র নারীর জীবন চরম আর্থিক সংকটের কারণে দারিদ্র্যের মাঝে গেঁথে থাকে। তাদের তিনবেলা খাবারের জোগাড়ও সম্ভব হয় না প্রায়শই। আর খাবার মানে এক বাটি ভাত, সাথে একটি কাঁচা মরিচ। এই নারীরা জানতেন না কিভাবে মৌসুমী বন্যা মোকাবেলা করতে হয়, বন্যার প্রাথমিক প্রস্তুতির প্রক্রিয়া সম্পর্কে তাদের কোনো ধারণা ছিল না। ক্ষমতাহীন হওয়ার কারণে পারিবারিক সহিংসতা তাদের জীবনের একটি অঙ্গ হয়ে দাঁড়িয়েছিল। তারা মনে করত, এটাই তাদের ভাগ্য এবং এটাই তাদের জীবন, এটি ঈশ্বর প্রদত্ত।

## RSHG তৈরির প্রক্রিয়া

গণ উন্নয়ন কেন্দ্র (GUK) ফ্লাড রেজিলিয়েন্স প্রজেক্টের (FRP) আওতায় ২৫ জন হত-দরিদ্র নারী সদস্য নিয়ে RSHG নামে একটি দল গঠন করে। তারা মাসে একবার একত্রিত হয়ে একটি সদস্যের বাড়িতে মিলিত হয়। মাসিক মিটিংয়ে প্রত্যেক সদস্যকে নির্দিষ্ট পরিমাণ টাকা এনে একটি বাক্সে রাখতে হয়। লটারির মাধ্যমে একজন সদস্য পুরো বাক্সের টাকা পায়। এই ঘূর্ণায়মান তহবিল প্রতিটি সদস্যকে পালাক্রমে অর্থ দেওয়া-নেওয়ার সুযোগ করে দেয়। একবার চক্রটি সম্পূর্ণ হলে, তহবিল গ্রহণের চক্রটি পুনরায় শুরু হয়। প্রাপ্ত তহবিল ব্যবহারের জন্য তাদের ছিল নিজের স্বাধীনতা। বিশেষ করে, তারা ছোট উদ্যোগ যেমন ছাগল এবং হাঁস-মুরগি পালন শুরু করে। তাদের পছন্দের উদ্যোগ শুরু করার জন্য অতিরিক্ত অর্থ তাদের নিজ পরিবারের সদস্যদের কাছ থেকে আসতো।

GUK, FRP'র মাধ্যমে, নারীদের সঞ্চয় এবং উদ্যোক্তা দক্ষতার উপর প্রশিক্ষণ প্রদান করেছে। প্রশিক্ষণে বন্যা-সহনশীল বসতবাড়ির আঙ্গিনায় সবজি উৎপাদন (যেমন 'বস্তা বাগান'), বন্যার সময় ছাগল এবং হাঁস-মুরগি উঁচু প্ল্যাটফর্মে রাখা, এবং টিকা দেওয়ার মতো গবাদি পশুর স্বাস্থ্য সুরক্ষার উপর গুরুত্ব দেওয়া হয়েছে।

## RSHG-এর প্রভাব

RSHG-এর প্রত্যেক সদস্যই এখন বসতবাড়িতে সবজি বাগান গড়েছে এবং তারা ছোট প্রাণী এবং হাঁস-মুরগি পালন করছে। তথ্য অনুযায়ী, ১০৫টি RSHG-এর ১,৭৪৩ জন সদস্য গত বছর ৩৪,৮২,৭৩০০ টাকা উপার্জন করেছে। এই উদ্যোগটি সঞ্চয়ের অভ্যাসকে উত্সাহিত করেছে এবং কমিউনিটির সদস্যদের বন্যার প্রস্তুতিমূলক ব্যবস্থায় বিনিয়োগ করতে সক্ষম করেছে, যেমন ল্যাট্রিন তৈরি, বসতবাড়ি সংস্কার, গবাদি পশু কেনা, শিক্ষা ও স্বাস্থ্য খাতে পারিবারিক ব্যয় করা।

উৎপাদিত সবজির অতিরিক্ত সরবরাহ স্থানীয় বাজারে সবজির দাম কমাতে ভূমিকা রেখেছে। সদস্যরা কেবল নিজেরাই শাকসবজি খায় না, প্রতিবেশীদের মাঝে বিতরণ করছে, এতে সামাজিক বন্ধন তৈরি হচ্ছে। RSHG মডেল, সমষ্টিগত কর্ম এবং কমিউনিটির মালিকানা নীতির মাধ্যমে একটি রূপান্তরকারী শক্তি হিসেবে প্রমাণিত হয়েছে। সদস্যদের প্রয়োজনীয় আর্থিক ব্যবস্থাপনার প্রশিক্ষণ এবং সুদ-মুক্ত ঘূর্ণায়মান তহবিলের সরবরাহ প্রদানের মাধ্যমে, এই উদ্যোগ তাদেরকে তাদের জীবন ও জীবিকার উপর নিয়ন্ত্রণ পুনরুদ্ধার করতে সক্ষম করেছে, ঋণ এবং সামাজিক দুর্বলতার শিকল ভেঙে দিয়েছে।

প্রকল্প এলাকায় RSHG মডেলের সাফল্য: RSHG মডেলের সাফল্য বিশেষজ্ঞরা প্রশংসা করেছেন, বিশেষ করে বন্যা-সহনশীলতার ক্ষেত্রে। দীর্ঘমেয়াদী উন্নয়ন এবং বন্যা-কালীন আর্থিক প্রতিবন্ধকত মোকাবেলার জন্য এই উদ্যোগের স্বক্ষমতা স্বীকার করা হয়েছে। "RSHG-এর উদ্যোগ টাকার অঙ্কে হয়তো ছোট, কিন্তু এর প্রভাব উল্লেখযোগ্য" বলেছেন স্থানীয় কমিউনিটির একজন নেতা।

"অল্প অল্প মূলধন দিয়ে এরা তাদের সম্পদ বাড়াচ্ছে, বিশেষ করে ছাগল পালনকে ঘিরে। এরা এগুচ্ছে এবং এগুলো ধরে রেখেছে। আমি FRP-এর এই উদ্যোগকে জাগরিত করার জন্য প্রশংসা করছি এবং ধন্যবাদ জানাচ্ছি। স্বল্প সম্পদশালী লোকেদের জন্য এটি একটি ভালো শিক্ষা।"

সামাজিক প্রেক্ষাপট: পারিবারিক কলহ প্রায় বিলীন হয়ে গেছে। স্বামীরা এখন স্ত্রীদের সমীহ করছে, কারণ এরা অর্থনৈতিক শক্তি অর্জন করেছে। বস্তুত, RSHG মঞ্চ সমাজের অধস্তন নারীদের ক্ষমতায়িত করেছে।

"এই উদ্যোগের আগে, আমরা গরু বাছুরের টিকা দিতে অগ্রণী হইনি; একারণে বন্যার সময় আমরা অনেক গরু-ছাগলের মৃত্যু দেখেছি। RSHG সভা ও প্রশিক্ষণ কার্যক্রমকে ধন্যবাদ, সেখান থেকে আমরা টিকার গুরুত্ব এবং গৃহপালিত পশুকে সেবা দেওয়ার এর গুরুত্ব বুঝেছি, আমরা বসতবাড়ির আঙিনায় বন্যা সহনশীল সবজি চাষ শিখেছি। এই সবজি শুধু নিজেরাই খাই না, প্রতিবেশীকে ভাগ দেই। এছাড়া গো-খাদ্য সংরক্ষণে দক্ষতা অর্জন করেছি, এতে আমরা বন্যার সময় গরু বাছুরের খাদ্য নিশ্চয়তা করতে পারছি।" বলেছেন গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলার ২ নং সিসিজির সম্পাদক মোছা: জয়গুন বেগম।

## স্থায়িত্বতা

অঞ্চলজুড়ে, কমিউনিটির সদস্যরা একত্রিত হয়ে বাড়িঘর পুনর্নির্মাণ, জীবিকা পুনরুদ্ধার এবং কৃষি ও ছোট ব্যবসায় বিনিয়োগ করার জন্য উচ্চ-সুদের ঋণের বোঝা ছাড়াই তাদের সম্মিলিত শক্তি কাজে লাগিয়েছে। এই অঞ্চলে ১৭৯টি RSHG রয়েছে, যার মোট সদস্য সংখ্যা ৪,৩৭২ জন। ঘূর্ণায়মান তহবিল মডেল, আর্থিক অন্তর্ভুক্তি এবং নারীর ক্ষমতায়নের উপর জোর দিয়ে, RSHG সদস্যদের মধ্যে মালিকানা এবং স্বনির্ভরতার বোধকে উৎসাহিত করেছে। এর ফলে, ভবিষ্যতের সঙ্কট মোকাবেলা করার জন্য কমিউনিটির ক্ষমতাকে শক্তিশালী করা হয়েছে, নিশ্চিত করা হয়েছে যে বন্যা-পরবর্তী পুনরুদ্ধারের লাভ আগামী প্রজন্মের জন্য সুরক্ষিত থাকবে।

"এমন দিন ছিল যখন আমার স্বামী প্রায়শই আমার গায়ে হাত তুলতো; আমি তখন বাপের বাড়িতে চলে যেতাম, ফিরতাম অনেক পরে। FRP তে যোগদানের পর সবকিছুতেই যেন পরিবর্তন আসলো। আমি জানলাম লিঙ্গ-সমতা, পারস্পরিক শ্রদ্ধাবোধ, সবজি চাষ, মুরগি পালন এবং বাল্যবিবাহের খারাপ দিক। আমি এখন নিজ বাড়িতে মুরগি পালন করি এবং সবজি চাষ করি; নিজের পরিবারের সারা বছরের চাহিদা মেটায়। এমনকি আমি ছেলেমেয়েদের এবং স্বামীকে নিয়মিত ডিম খাওয়াই; পরিবারকে টাকা যুগিয়ে সাহায্য করি। এতে আমাদের দাম্পত্য সম্পর্ক রূপান্তরিত হয়েছে। আমার স্বামী এখন আমাকে শ্রদ্ধা করে এবং সহায়তা করে। আমরা দুজনে আগের চেয়ে অনেক সুখী।" বলেছেন রামডাকুয়া-ধুমাইটারী কমিউনিটির হোসনে আরা বেগম।

## বন্যা-সহনশীলতা

ঘূর্ণায়মান তহবিল মডেলটি টেকসই জীবনের পুনরুদ্ধারের জন্য গুরুত্বপূর্ণ প্রমাণিত হয়েছে। কমিউনিটি-চালিত আর্থিক সহায়তার প্রবর্তনের মাধ্যমে বন্যা-আক্রান্ত এলাকায় বন্যা-সহনশীলতা, স্বনির্ভরতা এবং দীর্ঘমেয়াদী উন্নয়নে সক্ষমতা এসেছে। RSHG মডেলের রূপান্তরকারী শক্তি উন্মোচিত হয়েছে কারণ GUK এদেরকে মুরগি এবং ছাগল সরবরাহ করে গোষ্ঠীটিকে আরও শক্তিশালী করেছে। জীবিকার কার্যক্রমের এই বৈচিত্র্য শুধুমাত্র কমিউনিটির খাদ্য নিরাপত্তাই বাড়ায়নি বরং তাদের অর্থনৈতিক বন্যা-সহনশীলতাকেও শক্তিশালী করেছে, দীর্ঘমেয়াদী উন্নয়নের মঞ্চ তৈরি করেছে।

## RSHG- সমাজের শিক্ষাসমূহ:

RSHG সমাজ এখন জানে বন্যা-কালীন সময়ে কেন আলগা চুলার প্রয়োজন; তারা জানে প্রবল বন্যার সময় কোথায় পশু ও মানুষকে আশ্রয় দিতে হবে; তারা জানে বন্যা সহনশীল সবজি ও পশুপালন এই সবকিছুই RSHG মঞ্চ থেকে বের হওয়া বন্যা-সহনশীলতার উদাহরণ।

## RSHG না থাকলে আজ কী হতো?

ভাটি কাপাসিয়ার মতো গ্রামে দরিদ্র নারীদের ক্ষমতায়ন উদ্ভাসিত হয়েছে, যেখানে মুক্তা বেগম, একজন RSHG এর সেক্রেটারি, আশার বাতিঘর হিসেবে আবির্ভূত হয়েছেন। RSHG এর সাথে জড়িত হওয়ার আগে, সঞ্চয় এবং উদ্যোক্তা দক্ষতার বিষয়ে মুক্তার জ্ঞান সীমিত ছিল, তার পরিবারকে শুধুমাত্র স্বামীর জীবিকা নির্বাহের উপর নির্ভর করতে হতো। মুক্তা এবং তার সহযোগী গ্রুপের সদস্যরা RSHG এর কার্যক্রমে নিজেদের নিয়োজিত করার সাথে সাথে জোয়ার ঘুরতে শুরু করে। RSHG প্ল্যাটফর্ম না থাকলে মুক্তা এবং তার মতো মহিলাদের জীবন আগের মতই রয়ে যেত।

## শিক্ষণীয় এবং প্রতিলিপির সম্ভাব্যতা

সুন্দরগঞ্জের অভিজ্ঞতা থেকে প্রাপ্ত শিক্ষাগুলি কমিউনিটির মালিকানা, আর্থিক অন্তর্ভুক্তি এবং নারীর ক্ষমতায়নে স্ব-সহায়ক গোষ্ঠীগুলির কার্যকারিতা তুলে ধরে। যেহেতু FRP-GUK সহযোগিতা সুন্দরগঞ্জ জুড়ে কমিউনিটিগুলিকে অনুপ্রাণিত এবং ক্ষমতায়ন করে চলেছে, মুক্তা বেগমের রূপান্তরের প্রতিধ্বনি এবং RSHG সদস্যদের সম্মিলিত বন্যা-সহনশীল প্রতিধ্বনিত হতে থাকবে, যারা প্রাকৃতিক দুর্যোগের চ্যালেঞ্জগুলি কাটিয়ে উঠতে চাইছেন, তাদের জন্য আশার আলোকবর্তিকা হিসেবে কাজ করবে।

"অল্প অল্প মূলধন দিয়ে এরা তাদের সম্পদ বাড়াচ্ছে, বিশেষ করে ছাগল পালনকে ঘিরে। এরা এগুচ্ছে এবং এগুলো ধরে রেখেছে। আমি FRP-এর এই উদ্যোগকে জাগরিত করার জন্য প্রশংসা করছি এবং ধন্যবাদ জানাচ্ছি। স্বল্প সম্পদশালী লোকেদের জন্য এটি একটি ভালো শিক্ষা।"

FRP GP-07

# 07

# Halting canal-bank erosion through nature-based solution: A community's path to flood resilience



*For the community of Vati Kapasia, Sundarganj, life is a relentless struggle against the constant threat of losing homes and croplands to riverbank erosion, followed by the challenge of relocating to areas further from the river's edge. This char, a river basin area along the Teesta River in Sundarganj, stretches across Gaibandha to meet the mighty Brahmaputra. Photo: Saikat Mojumder/Concern Worldwide*

### The context

In the riverine communities of Vati Kapasia and Ujan Burail in Sundarganj sub-district of Gaibandha District of Bangladesh, the annual monsoonal floods posed an existential threat. Severe erosion from the rising waters of the Teesta River and torrential rainfall relentlessly consumed farmlands by eroding the surrounding canal, leaving residents in a constant state of fear and uncertainty.

### The concern

About 1,260 families, a local market, three religious' institutions, one public school and over 400 acres of farm land had been in a constant threat of destruction from annual flooding.

### The process of halting the canal erosion

Through a collaborative effort spearheaded by the Community Resilience Group (CRAG) and supported by Flood Resilience Project (FRP) through its partner Gana Unnan Kendra (GUK), the vulnerable communities found an elegant, nature-based solution to combat this daunting challenge.

CRAG influenced the Union Disaster Management Committee (UDMC) for the intervention. The UDMC shared the CRAG's concern with the local Upazila Agriculture Office (UAO). The UAO approved the technical settings. Afterwards, FRP provided financial support for the logistics and labor costs, while the Department of Agricultural Extension (DAE) and the Department of Forestry (DoF) offered valuable guidance on the planting methods.

The preliminary idea of adopting NbS in the project through selecting dhol kalmi and binnarthope plants in the planting system came from observation of local people. They observed few houses stood stand in flood in-surge, while the rest washed away in the vicinity. People detected that standing houses were deeply surrounded by dhol kalmi and binnarthope plants.

Thus, the selection of these plants was based on their proven effectiveness in combating soil erosion. Banana trees, with their shallow but strong spreading root systems, help to stabilize the surface soil, while the sprawling vines of dhol kalmi and the extensive root network of binnarthope work in tandem to protect the ground from the ravages of runoff and rainfall.

Over 15 days, the communities came together to plant a strategic mix of 3,000 banana trees, 7,000 dhol kalmi (pink morning glory) cuttings, and 10,000 binnarthope cuttings along the one kilometer stretch of the Vati Kapasia Canal. The planst were oriented in three rows of banana trees; between the rows of banana, dhol kalmi and binnarthope plants were accommodated. The first row of bananas defended the flood water current and mostly damaged and died in course of time.

### The outputs and outcomes

Beneficiaries include 1,260 families, 1 bazar accommodating about 90 Shops, 2 mosques, 1 madrasah (religious institution) and 1 Government primary school, and 400 acres of arable land from destruction of flood water.

The success of this NbS intervention was evident in the following years. In 2023 and 2024, the communities witnessed minimal soil erosion along the canal and riverbank, safeguarding their homes, livelihoods, and other critical assets from the destructive forces of the floods. Raja Mia, the CRAG President of Vati Kapasia and a local tea stall owner, expressed his profound gratitude for the transformation, stating, **"We used to be terrified that the canal would overflow or completely dissolve whilst we were sleeping, especially during monsoon season. However, after planting trees to prevent soil erosion, we now sleep peacefully at night."**

The impact of this nature-based solution extended beyond the tangible benefits of flood and erosion control. By actively involving the community members in the decision-making and implementation processes, the initiative fostered a sense of ownership and empowerment among the residents. The collaboration between the CRAGs, the community, and local government agencies further strengthened social capital and community capacity, laying the foundations for sustainable resilience-building efforts.

As Md. Liton Mia, the Sub Assistant Agriculture Officer from the Department of Agricultural Extension, aptly noted,

> **"The Vati Kapasia and Ujan Burail communities showcase a commendable model of resilience through collaborative efforts and piloting nature-based solutions. Their strategic use of banana trees, dhol kalmi, and binnarthope plants not only combats river erosion but fosters environmental and social resilience."**

### Resilience

This good practice is a flood resilience technology as it managed the flood and prevented ecological destruction.

### What would have happened today without the nature-based solution?

Without the solution destruction of the farms land would have continued, on one hand, and the community would remained in constant threat of destruction from annual floods.

### Lessons learnt and potential for scalability

This remarkable success story stands as a testament to the power of community-driven, nature-based solutions in addressing complex environmental challenges. By harnessing the inherent resilience of local ecosystems and leveraging the collective efforts of engaged stakeholders, the Vati Kapasia and Ujan Burail communities have not only safeguarded their livelihoods but also paved the way for a more sustainable and resilient future. Its scalability under similar situation is unquestionable.

# বন্যার ত্রাস থেকে খাল-পাড় ভাঙ্গন-রোধ: স্থানীয় জনগণের প্রকৃতি-নির্ভর সমাধান



সুন্দরগঞ্জের ভাটি কাপাসিয়া এলাকার জনগোষ্ঠীর জীবন নদীভাঙনের অব্যাহত হুমকির সঙ্গে এক অবিরাম সংগ্রামের প্রতিচ্ছবি। নদীতীরবর্তী ঘরবাড়ি ও কৃষিজমি হারানোর ঝুঁকির পাশাপাশি নদীপাড় থেকে তাদেরকে বারবার আরও দূরবর্তী স্থানে স্থানান্তরের বাস্তবতাও মোকাবিলা করতে হয়। সুন্দরগঞ্জের তিস্তা নদীর তীরবর্তী এই চর বা নদী অববাহিকা এলাকাটি গাইবান্ধা পেরিয়ে বিশাল ব্রহ্মপুত্রের সঙ্গে মিলিত হয়েছে। ছবি: সৈকত মজুমদার / কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড

## পটভূমি

বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলের গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার ভাটি কাপাসিয়া ও উজান বুড়াইল এলাকার নদীঘেরা জনগোষ্ঠীর জন্য মৌসুমি বন্যা তাদের অস্তিত্বের এক বড় হুমকি ছিল। তিস্তা নদীর ক্রমবর্ধমান বর্ষার পানিতে নালার পাড় ভেঙে চাষের জমি গ্রাস করত, ফলে বাসিন্দারা চরম অনিশ্চয়তার মধ্যে জীবন যাপন করত।

কিছু বছর আগে, এই এলাকার নালটি বসতবাড়িগুলো থেকে প্রায় আধ কিলোমিটার দুরে ছিল। প্রতিবছর এর পাড় ভেঙে ভেঙে বসতবাড়ির এলাকা কাছাকাছি চলে আসছিল, যার ফলে প্রায় ২০টি বাড়ি ভেঙে যায়। এলাকার মানুষ এই দুর্যোগের ভয়ে জীবন যাপন করতে থাকে। এক্ষেত্রে ১,২৬০টি পরিবার, একটি স্থানীয় বাজার, তিনটি ধর্মীয় প্রতিষ্ঠান, একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ৪০০ একর কৃষিজমি বন্যার কারণে ধ্বংসের ক্রমাগত হুমকির মুখে ছিল।

## নালার-পাড় ভাঙন রোধের প্রক্রিয়া

কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গ্রুপ (CRAG) এর নেতৃত্বে এবং ফ্লাড রেজিলিয়েন্স প্রজেক্ট (FRP) এর সহযোগিতায় গণ উন্নয়ন কেন্দ্র (GUK) এই নাজুক কমিউনিটিগুলির জন্য প্রকৃতি-নির্ভর সমাধান অনুসন্ধান করেছে।

CRAG এর হস্তক্ষেপ ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (UDMC)-কে উদ্বুদ্ধ করেছে। UDMC ও CRAG একসঙ্গে স্থানীয় উপজেলা কৃষি অফিস

(DAE)-এর সাথে যোগাযোগ করেন, যার ফলস্বরূপ কৃষি অফিস প্রযুক্তিগত সহায়তা প্রদান করে। পরবর্তীতে, FRP রসদ এবং শ্রমের খরচ সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদান করেছে। কৃষি সম্প্রসারণ বিভাগ (DAE) এবং বন বিভাগ (FD) খালের পাড়ে ভাঙনরোধী গাছ রোপণ সংক্রান্ত মূল্যবান নির্দেশনা প্রদান করেছে।

ভাঙনরোধী হিসেবে ঢোল কলমি এবং বিন্না ঘাস নির্বাচন প্রাথমিকভাবে স্থানীয় জনগণের কাছ থেকে এসেছে। প্রাকৃতিক পর্যবেক্ষণে তারা লক্ষ্য করেছে যে কিছু বাড়ি বন্যার পানিতে টিকে থাকছে, যেখানে আশেপাশের অন্যান্য বাড়িগুলো ভেসে যাচ্ছে। তারা সনাক্ত করেছে যে দাঁড়িয়ে থাকা বাড়িগুলি ঢোল কলমি ও বিন্না ঘাস দ্বারা সুরক্ষিত ছিল। মাটির ক্ষয় রোধে এই গাছগুলির নির্বাচন স্থানীয় জনগণের বাস্তব অভিজ্ঞতার ফল।

নালার পাড়ের ক্ষয়রোধী গাছগুলোর নির্বাচন প্রকৃতি থেকে শিক্ষা নেয়া হয়েছে। কলা গাছ দৃঢ়ভাবে মাটিতে না গেলেও, এটি চারদিকে বিস্তার করে এবং মাটির ওপরের স্তরকে আঁকড়ে ধরে। অপরদিকে, ঢোল কলমি ও বিন্না ঘাসের শিকড় মাটির গভীরে বিস্তৃত হয়ে মাটির নিচের স্তরকে আঁকড়ে রাখে।

পরিকল্পনার মাত্র পনেরো দিনের মধ্যে, ভাটি কাপাসিয়া খালের এক কিলোমিটার এলাকা জুড়ে ৩,০০০টি কলা গাছ, ৭,০০০টি ঢোল কলমি কাটিং এবং ১০,০০০টি বিন্না ঘাস কাটিং রোপণ করেছে। গাছগুলি তিন সারিতে রোপণ করা হয়; প্রথম সারির কলা গাছগুলি বন্যার পানির স্রোত থেকে খালের পাড় রক্ষা করেছে এবং সময়ের সাথে সাথে বেশিরভাগ প্রথম সারির কলা গাছ ক্ষতিগ্রস্ত হয়ে মারা যায়।

### খাল-পাড় ভাঙন রোধের প্রভাব

এই উদ্যোগটির বাস্তবায়নের ফলে ১,২৬০টি পরিবার, ১টি বাজারের প্রায় ৯০টি দোকান, ২টি মসজিদ, ১টি মাদ্রাসা (ধর্মীয় প্রতিষ্ঠান), ১টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ৪০০ একর আবাদি জমি বন্যার ধ্বংস থেকে রক্ষা পেয়েছে।

এই প্রকৃতি-নির্ভর সমাধানের সাফল্য পরবর্তী বছরগুলোতে স্পষ্টভাবে দৃশ্যমান হয়েছে। ২০২৩ এবং ২০২৪ সালে, এলাকাবাসী নালার পাড়ের মাটির ক্ষয় দেখেনি, ফলে তাদের বাড়িঘর, জীবিকা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সম্পদগুলো বন্যার ধ্বংসাত্মক শক্তি থেকে রক্ষা পেয়েছে। ভাটি কাপাসিয়ার CRAG সভাপতি এবং স্থানীয় চা স্টলের মালিক রাজা মিয়া এই রূপান্তরের জন্য গভীর কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, "আমরা আতঙ্কিত ছিলাম যে, ঘুমানোর সময় নালাটি উপচে পড়বে অথবা সম্পূর্ণরূপে বিলীন হয়ে যাবে, বিশেষ করে বর্ষাকালে। তবে মাটির ক্ষয় রোধে গাছ লাগানোর পর আমরা এখন রাতে শান্তিতে ঘুমাই।"

এই প্রকৃতি-নির্ভর সমাধানের প্রভাব শুধু বন্যা এবং ক্ষয় নিয়ন্ত্রণের সরাসরি সুবিধার মধ্যে সীমাবদ্ধ থাকেনি, বরং এর প্রভাব আরও বিস্তৃত হয়েছে। যথাযথ সিদ্ধান্ত গ্রহণ এবং এর বাস্তবায়ন প্রক্রিয়ায় কমিউনিটির সদস্যদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে উদ্যোগটি বাসিন্দাদের মধ্যে মালিকানা এবং ক্ষমতায়নের অনুভূতি জাগিয়েছে। CRAG, কমিউনিটি এবং স্থানীয় সরকার সংস্থাগুলোর মধ্যে সহযোগিতা সামাজিক পুঁজি এবং সম্প্রদায়ের ক্ষমতাকে আরও শক্তিশালী করেছে, যা টেকসই বন্যা সহিষ্ণুতা নির্মাণের প্রচেষ্টার ভিত্তি স্থাপন করেছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃ লিটন মিয়া যথার্থভাবে উল্লেখ করেছেন, "ভাটি কাপাসিয়া এবং উজান বুড়াইল কমিউনিটির সহযোগিতামূলক প্রচেষ্টা এবং প্রকৃতি-নির্ভর সমাধানের পাইলটিং এর মাধ্যমে বন্যা সহনশীলতার একটি প্রশংসনীয় মডেল প্রদর্শন করেছে। তাদের নেওয়া কলা গাছ, ঢোল কলমি এবং বিন্না ঘাসের কৌশলগত ব্যবহার শুধু নদী ভাঙনের বিরুদ্ধে লড়াই করেনি বরং পরিবেশগত এবং সামাজিক বন্যা সহিষ্ণুতাও বৃদ্ধি করেছে।"

### বন্যা সহিষ্ণুতা

এই অনুশীলনটি একটি বন্যা সহনশীলতার উদাহরণ হিসেবে প্রমাণিত হয়েছে, যা বন্যার ভয়াবহতা থেকে কমিউনিটিকে শিখিয়েছে এবং পরিবেশগত ধ্বংস প্রতিরোধ করেছে।

### খাল-পাড় ভাঙন রোধ না হলে কী হতো?

সমাধান না হলে, একদিকে খামারের জমির ধ্বংস অব্যাহত থাকত এবং অন্যদিকে কমিউনিটিটি বন্যা ধ্বংসের ক্রমাগত হুমকির মধ্যে থাকত।

### শিক্ষণীয় এবং প্রতিলিপির সম্ভাব্যতা

এই অসাধারণ সাফল্যের গল্পটি জটিল পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবেলায় কমিউনিটি-চালিত প্রকৃতি-নির্ভর সমাধানগুলোর শক্তির প্রমাণ হিসেবে দাঁড়িয়ে আছে। স্থানীয় বাস্তুতন্ত্রের সহজাত বন্যা সহিষ্ণুতাকে কাজে লাগিয়ে এবং জড়িত অংশীজনদের সম্মিলিত প্রচেষ্টাকে কাজে লাগিয়ে, ভাটি কাপাসিয়া এবং উজান বুড়াইল কমিউনিটিগুলো তাদের জীবন ও জীবিকা রক্ষা করেছে এবং আরও টেকসই এবং স্থিতিস্থাপক ভবিষ্যতের পথে পা বাড়িয়েছে। অনুরূপ পরিস্থিতিতে এর প্রতিলিপির সম্ভাবনা নিঃসন্দেহে রয়েছে।

## পরিকল্পনা গ্রহণের মাত্র পনেরো দিনের মধ্যেই ভাটি কাপাসিয়া খালের এক কিলোমিটারজুড়ে ৩,০০০ টি কলাগাছ, ৭,০০০ টি ঢোল কলমির কাটিং এবং ১০,০০০ টি বিন্না ঘাসের কাটিং রোপণ করা হয়।

FRP GP-08

# Ensuring access to animal healthcare services: An asset development premium for flood resilience

08



*Tazrul Islam (42) carefully vaccinates a cow against Foot and Mouth Disease (FMD) in Haripur. Having served this community since 2007, Tazrul later became involved in the flood resiliency programs run by Gana Unnayan Kendra (GUK). Photo: Saikat Mojumder/Concern Worldwide*

## The context

Livestock is a critical productive asset for the inhabitants of remote char lands like Char Kapasia of Sundarganj upazila of Gaibandha in northwest Bangladesh, especially for women who play a central role in caring for animals at the household level. Strong association of women in livestock rearing not only supports marginal families by sharing labor but also enhances household incomes and food security. However, these rural communities face severe challenges due to the devastating impacts of climate change on their livestock-based livelihoods.

Frequent flooding, unpredictable weather, and limited access to veterinary services result in high mortality rates, particularly among calves, exacerbating the vulnerabilities of livestock farmers. During the monsoon season, recurrent floods severely affect animals, increasing susceptibility to diseases and leading to higher mortality rates among cattle and goats. Public and private veterinary services remain out of reach for most, leaving farmers unable to protect their animals effectively.

## The effect

Loss of livestock can have a detrimental effect on resource poor farmers of Char Kapasia. This lack of financial resilience plunges farmers into severe hardships, making it increasingly difficult to meet daily family expenses. Without livestock, which serves as both a source of income and a safety net, families face a downward spiral of economic insecurity.

Addressing these challenges requires accessible veterinary services, disaster-resilient livestock management practices, and targeted support to mitigate risks. Strengthening animal healthcare systems is crucial for protecting livelihoods and building resilience in these vulnerable communities.

## The process and mechanism of introducing animal healthcare services

A transformative initiative led by the Flood Resilient Project (FRP) has empowered vulnerable communities in char lands to enhance resilience through improved animal healthcare and sustainable market linkages. The FRP's success lies in its innovative, community-centric approach. Instead of relying on top-down solutions, the project actively engaged with char land residents, forming Community Resilience Action Groups (CRAGs) to address their unique challenges. These groups served as a platform for dialogue and collaboration, enabling residents to co-create tailored interventions that address their specific needs.

Central to the initiative was the decision to involve local youth as change agents, fostering a sense of ownership and sustainability. The CRAGs played a pivotal role by establishing communication with the Upazila Livestock Office and raising concerns through the Union Disaster Management Committee (UDMC). Their proactive efforts mobilized the Upazila Livestock Officer, who responded by providing critical animal healthcare services, including deworming and vaccination.

However, the financial barriers faced by farmers, particularly for Peste des Petits Ruminants (PPR) vaccinations for goats, posed a significant challenge. To address this, the FRP offered financial support, enabling the farmers to organize collective vaccination drives. CRAG members coordinated with cattle-rearing households to gather their animals at designated locations on specific dates. This arrangement allowed for efficient deworming and vaccination, ensuring broad coverage and better health outcomes for livestock.

Through the FRP, young men and women from the char land communities were trained as Local Service Providers (LSPs), equipping them with the skills and knowledge to deliver essential veterinary services to their fellow farmers.

LSPs are individuals who offer fee-based services within a specific local area. LSPs include various local actors across the input and output markets, such as animal health service providers, AI (Artificial Insemination) service providers, vaccinators, input retailers, collectors, and aggregators.

### The outputs

By addressing both immediate and systemic challenges, this initiative has significantly enhanced the capacity of farmers to protect their livestock. It not only improved animal health but also created a sustainable framework for ongoing care, supported by strengthened linkages between communities and government services. The FRP's collaborative model demonstrates how grassroots engagement, strategic partnerships, and targeted financial support can transform vulnerable communities, building resilience and ensuring sustainable livelihoods for the future.

These LSPs, earning between BDT 10,000-12,000 (approximately USD 100-120) per month, became the linchpins of the livestock healthcare system, providing regular vaccinations, disease surveillance, and ongoing training in best practices.

**"Empowering youth and strengthening market access revolutionized our livestock practices,"** enthused Fatema Begum, the secretary of the Vati Kapasia CRAG. **"We've seen healthier cattle and increased income, giving our community hope and stability despite the harsh climate realities we face."**

The impact of this community-driven approach was profound. By engaging 500 livestock farming families, representing over 3,500 cattle, goats, and sheep, the FRP's vaccination program dramatically reduced animal mortality rates, especially among calves. This not only safeguarded the communities' primary source of income but also fostered a renewed sense of optimism and resilience in the face of environmental challenges.

### The outcomes

The FRP's intervention went beyond just animal healthcare, addressing the broader ecosystem required for sustainable livestock development. The project facilitated connections between the char land farmers and the Upazila-level (sub-district) Department of Livestock Services (DLS), enabling them to access government resources and technical expertise. Senior DLS specialists were actively involved in the farmer capacity-building programs, ensuring that communities adopted the most effective, climate-adaptive animal husbandry practices.

But the FRP's holistic approach didn't stop there. Recognizing the importance of market linkages, the project also worked to connect the char land farmers with input suppliers and output markets, helping them secure competitive prices for their livestock products. This, in turn, boosted the communities' economic resilience, diversifying their income sources and strengthening their ability to withstand future shocks.

### Towards sustainability

The success story of Char Kapasia, under Sundarganj Upazila, of Gaibandha District, exemplifies the transformative impact of the FRP's integrated approach. In this isolated char land area, separated from the mainland by the Teesta River, the project's interventions have truly revolutionized livestock-rearing practices.

**"The FRP project has improved our livelihoods by raising awareness about animal health and vaccinating our cattle,"** Fatema Begum explained. **"It has also created vital linkages among Local Service Providers (LSPs), livestock farmers, and the Upazila Livestock Office."** The community, under CRAG) and supported by FRP, has been routinely arranging vaccination camp twice a year.

### Resilience

The project's holistic, community-driven model has not only improved animal health and productivity but has also empowered local youth, strengthened market access, and fostered deeper connections with government services. This multifaceted approach has been instrumental in building a resilient, self-sustaining livestock ecosystem, one that can withstand the mounting challenges posed by climate change. As the mortality of animals reduced, households have been selling 'saved' animals and using the 'extra' money for flood resilience activities such as elevating their homes so that they don't need to go to shelter places, and also can keep their animals in elevated sheds during flood.

### What would have happened today without the animal healthcare services?

Without the introduction of animal healthcare services through the Flood Resilient Project (FRP), the 500 livestock-rearing households of the remote char lands of northwest Bangladesh would still grapple with the devastating impacts of climate change on livestock. Alarmingly high mortality rates, especially among calves, would persist due to frequent flooding, and the lack of veterinary care. Farmers would continue to lose their primary income sources, plunging communities into deeper poverty and exacerbating food insecurity.

The absence of trained Local Service Providers (LSPs) and community-driven vaccination programs would leave livestock vulnerable to disease outbreaks, leading to diminished productivity and further economic hardship. Without improved market linkages, farmers would struggle to secure fair prices for their livestock products, undermining any potential for economic resilience. In this scenario, communities would remain trapped in a cycle of vulnerability, without the tools, resources, or knowledge to adapt to climate challenges, leaving livelihoods and prospects.

### Lessons learnt and potential for scalability

The Flood Resilient Project (FRP) offers valuable lessons and immense potential for scalability. A key takeaway is the importance of a community-centric, integrated approach. By engaging local residents through Community Resilience Action Groups (CRAGs) and training Local Service Providers (LSPs), the FRP empowered communities to take ownership of solutions. This fostered sustainability and ensured interventions addressed specific local challenges, such as providing veterinary services and establishing market linkages.

The success of the vaccination program and the collaboration with the Upazila Livestock Office highlight the value of leveraging government resources while building local capacity. These partnerships ensured access to technical expertise and climate-adaptive practices, further enhancing resilience. Additionally, connecting farmers to markets boosted economic opportunities, demonstrating the importance of addressing both production and market access.

The FRP's model is highly scalable due to its adaptable framework. Its focus on empowering local youth as change agents, fostering government collaboration, and integrating economic development makes it replicable in other vulnerable regions. By applying these strategies, similar projects can improve livestock-based livelihoods and build resilience in climate-affected areas, providing a blueprint for sustainable development that addresses interconnected challenges. This holistic approach ensures long-term impact and adaptability to varying contexts.

FRP GP-08

08

# প্রাণিসম্পদ চিকিৎসাসেবা সহজে পাওয়ার ব্যবস্থা নিশ্চিত করা: বন্যা সহনশীলতার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ



হরিপুরে তাজরুল ইসলাম (৪২) সতর্কতার সাথে একটি গরুকে ফুট অ্যান্ড মাউথ ডিজিজ (FMD) প্রতিরোধের টিকা প্রদান করছেন। তিনি ২০০৭ সাল থেকে এই এলাকার মানুষের সেবায় নিয়োজিত রয়েছেন এবং পরবর্তীতে গণ উন্নয়ন কেন্দ্র (GUK) কর্তৃক বাস্তবায়িত বন্যা সহনশীলতা কর্মসূচির সঙ্গে যুক্ত হন।
ছবি: সৈকত মজুমদার / কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড

## প্রসঙ্গ

বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলের গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার চর ভাটি কাপাসিয়া মূল জনপদ থেকে বিচ্ছিন্ন চর এলাকায় অবস্থিত। এই এলাকার মানুষ, বিশেষ করে নারীরা, গরু-ছাগল পালন করে সংসারের আয় বাড়ান এবং খাবারের নিরাপত্তা নিশ্চিত করেন। গবাদি প্রাণী পালন এখানকার অনেক পরিবারের প্রধান জীবিকা, যা তাদের দৈনন্দিন খরচ চালাতে সহায়তা করে। তবে, জলবায়ু পরিবর্তনের কারণে এখানকার মানুষ অনেক সমস্যার মুখোমুখি হচ্ছেন। একের পর এক বন্যা, অপ্রত্যাশিত আবহাওয়া এবং অপর্যাপ্ত চিকিৎসার অভাবে অনেক সময় গবাদি প্রাণী মারা যায়। বিশেষ করে বর্ষাকালে পানি জমে গেলে গরু-ছাগলের নানা রোগ হয় এবং অনেক বাছুর মারা যায়। এতে দরিদ্র পরিবারগুলোর ব্যাপক ক্ষতি হয়।

চর এলাকায় গবাদি প্রাণী চিকিৎসা কেন্দ্র বা অভিজ্ঞ চিকিৎসকের সংখ্যা খুব কম। অনেক সময় সরকারি বা বেসরকারি সেবা পাওয়া যায় না বা দেরি হয়। ফলে সঠিক সময়ে চিকিৎসা না পেয়ে কৃষকের গবাদি প্রাণী মারা যায়। এতে তাদের আয় কমে যায় এবং পরিবার আরও বিপদে পড়ে। এই পরিস্থিতি থেকে বের হতে হলে সহজলভ্য গবাদি প্রাণীর চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে। এতে বন্যাকালীন ও দুর্যোগ-পরবর্তী সময়ে গরু-ছাগল বাঁচিয়ে রাখা যাবে, পরিবারে আয়ের নিশ্চয়তা থাকবে, এবং সামগ্রিকভাবে কমিউনিটির সহনশীলতা বাড়বে। এই উদ্যোগ নেয়ার ফলে শুধু গবাদি প্রাণীর সুরক্ষা নয়, পুরো পরিবারের অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করবে।

## প্রভাব

চর ভাটি কাপাসিয়ার দরিদ্র কৃষক পরিবারগুলোর জন্য গবাদি প্রাণী পালন শুধু আয়ের উৎস নয়, এটি একটি নিরাপত্তার ভরসা। তবে যখন গবাদি প্রাণী রোগে আক্রান্ত হয় বা বন্যার কারণে মারা যায়, তখন সেই পরিবারগুলো বড় আর্থিক সংকটে পড়ে। গরু-ছাগল হারালে তাদের নিয়মিত আয় বন্ধ হয়ে যায়, চিকিৎসা ও শিশুদের শিক্ষার খরচ জোগানো কঠিন হয়ে পড়ে, এবং অনেক সময় খাবারের সংস্থান করাও কষ্টসাধ্য হয়। এইভাবে গবাদি প্রাণী পালনে তারা ক্ষতির শিকার হয়। তাদের জীবনের স্থিতিশীলতাকে ভেঙে দেয় এবং তারা দারিদ্র্যের দুষ্টচক্রে আটকে পড়ে।

এই সংকট মোকাবেলায় সহজলভ্য ও সময়মতো গবাদি প্রাণী চিকিৎসা সেবা অত্যন্ত জরুরি। পাশাপাশি, দুর্যোগ সহনশীল গবাদি প্রানী পালন পদ্ধতি এবং ঝুঁকিতে থাকা পরিবারগুলোর জন্য সুনির্দিষ্ট সহায়তা প্রয়োজন। এসব উদ্যোগের মাধ্যমে চর এলাকার পরিবারগুলো তাদের গবাদি প্রাণী রক্ষা করতে পারবে, আয় ঠিক রাখতে পারবে এবং দুর্যোগকালেও নিজেদের জীবিকা বজায় রাখতে সক্ষম হবে। তাই গবাদি প্রাণীর চিকিৎসাসেবা ব্যবস্থাকে শক্তিশালী করা বন্যা সহনশীলতা তৈরির একটি অপরিহার্য কৌশল।

## গবাদি প্রাণী চিকিৎসাসেবা চালুর প্রক্রিয়া ও পদ্ধতি

ফ্লাড রেজিলিয়েন্ট প্রজেক্ট (FRP)-এর একটি যুগান্তকারী উদ্যোগ চর এলাকার ঝুঁকিপূর্ণ কমিউনিটি গুলোর মধ্যে গবাদি প্রাণী চিকিৎসাসেবার উন্নয়নের মাধ্যমে সহনশীলতা বাড়াতে সাহায্য করেছে। প্রকল্পটি শুধু উপর থেকে চাপিয়ে দেওয়া সমাধান নয়, বরং স্থানীয় মানুষকে সম্পৃক্ত করে, তাদের বাস্তব সমস্যার ভিত্তিতে সমাধান তৈরি করেছে।

প্রকল্পের মূল শক্তি ছিল "কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গুরুপ" বা CRAG গঠন, যেখানে স্থানীয় মানুষ নিজেরাই অংশ নিয়ে এলাকার সমস্যাগুলো চিহ্নিত করেছেন এবং সমাধানে একসঙ্গে কাজ করেছেন। এই গুরুপগুলো স্থানীয় প্রাণিসম্পদ অফিসের সঙ্গে যোগাযোগ স্থাপন করে এবং ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (UDMC) মাধ্যমে গবাদি প্রাণী চিকিৎসা সংক্রান্ত দাবি তুলে ধরে। তাদের সক্রিয় অংশগ্রহণের ফলে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাড়া দেন এবং গরু-ছাগলের জন্য প্রয়োজনীয় কৃমিনাশক ট্যাবলেট (অন্ত্রের প্যারাসাইট দূর করার ওষুধ) এবং টিকা দেওয়ার মতো গুরুত্বপূর্ণ সেবা প্রদান করেন।

তবে ছাগলের জন্য PPR (Peste des Petits Ruminants) টিকা দেওয়ার ক্ষেত্রে অর্থনৈতিক অসচ্ছলতা বড় বাধা হয়ে দাঁড়ায়। এই সমস্যা দূর করতে FRP আর্থিক সহায়তা প্রদান করে, যাতে কৃষকরা একসাথে টিকা দেওয়ার ব্যবস্থা নিতে পারে। CRAG সদস্যরা এলাকার গবাদি প্রাণী পালনকারী পরিবারের সঙ্গে যোগাযোগ করে নির্দিষ্ট দিনে গবাদি প্রাণী একত্রিত করে টিকাদান ও কৃমিনাশক ট্যাবলেট প্রদানে সহযোগিতা করেন। এর ফলে অনেক গবাদি প্রাণী একসঙ্গে সেবা পায় এবং স্বাস্থ্যঝুঁকি কমে যায়।

প্রকল্পের মাধ্যমে স্থানীয় তরুণ-তরুণীদের প্রশিক্ষণ দিয়ে **লোকাল সার্ভিস প্রোভাইডার (LSP)** হিসেবে গড়ে তোলা হয়েছে। তারা এখন নিজেদের এলাকায় গবাদি প্রাণী চিকিৎসা, কৃত্রিম প্রজনন, টিকাদান, ওষুধ সরবরাহ, সংগ্রহ ও বাজারজাতকরণে সেবা দিচ্ছেন। এই প্রশিক্ষিত তরুণ-তরুণীরা নির্দিষ্ট ফি'র বিনিময়ে এসব সেবা প্রদান করেন এবং এতে তাদের আয়ও বৃদ্ধি পেয়েছে। এই উদ্যোগ গবাদি প্রাণী চিকিৎসাসেবাকে শুধু সহজলভ্যই করেনি, বরং স্থানীয় অর্থনীতি ও জীবনধারার উন্নয়নেও ইতিবাচক ভূমিকা রেখেছে।

## ফলাফল

এই উদ্যোগটি শুধু তাত্ক্ষণিক সমস্যা সমাধানেই নয়, দীর্ঘমেয়াদে টেকসই পরিবর্তন আনতে সক্ষম হয়েছে। গবাদি প্রাণী পালকদের সক্ষমতা বেড়েছে, তারা এখন গরু-ছাগলকে ভালোভাবে রক্ষা করতে পারছেন। গবাদি প্রাণীগুলির স্বাস্থ্য উন্নত হওয়ার পাশাপাশি সরকারি সেবার সঙ্গে কমিউনিটির সংযোগও মজবুত হয়েছে, যা ভবিষ্যতেও গবাদি প্রাণী চিকিৎসা সেবা চলমান রাখতে সহায়তা করবে।

FRP প্রকল্পের এই অংশগ্রহণমূলক পদ্ধতি প্রমাণ করেছে যে সমাজের সকল স্তরের মানুষের সম্পৃক্ততা, সঠিক পরিকল্পনা ও আর্থিক সহায়তার মাধ্যমে দুর্বল জনগোষ্ঠীর জীবনযাত্রায় ব্যাপক ইতিবাচক পরিবর্তন আনা সম্ভব। প্রশিক্ষণপ্রাপ্ত লোকাল সার্ভিস প্রোভাইডার (LSP)-রা এখন এই গবাদি প্রাণী চিকিৎসাসেবা ব্যবস্থার মূল চালিকাশক্তি। তারা প্রতি মাসে ১০,০০০-১২,০০০ টাকা (প্রায় ১০০-১২০ মার্কিন ডলার) আয় করছেন। তারা নিয়মিত টিকাদান, রোগ পর্যবেক্ষণ এবং উন্নতমানের গবাদি প্রাণী পালনের প্রশিক্ষণ প্রদান করছেন।

ভাটি কাপাসিয়া CRAG-এর সেক্রেটারি ফাতেমা বেগম উচ্ছ্বসিত হয়ে বলেন, "তরুণদের ক্ষমতায়ন আর বাজারে সংযোগ তৈরি হওয়ায় আমাদের গবাদি প্রাণী পালনের ধরণই বদলে গেছে। গরুগুলো এখন অনেক সুস্থ, আয় বেড়েছে, তাই আমরা প্রতিকূল জলবায়ুর মধ্যেও আশাবাদী।"

এই কমিউনিটি-ভিত্তিক উদ্যোগের প্রভাব ছিল গভীর। ৫০০টি গবাদি প্রাণী পালনকারী পরিবার, যাদের কাছে প্রায় ৩,৫০০টি গরু, ছাগল ও ভেড়া রয়েছে—তাদের অন্তর্ভুক্ত করে FRP-এর টিকাদান কার্যক্রম প্রাণীর মৃত্যুর হার অনেক কমিয়ে দিয়েছে, বিশেষ করে বাছুরদের ক্ষেত্রে। এতে শুধু পরিবারের মূল আয়ের উৎস রক্ষা পায়নি, বরং দুর্যোগ মোকাবিলায় একটি নতুন আত্মবিশ্বাস ও স্থিতিশীলতা তৈরি হয়েছে কমিউনিটিতে।

## ফলাফল

FRP-এর হস্তক্ষেপ শুধুমাত্র গবাদি প্রাণী চিকিৎসা সেবার মধ্যে সীমাবদ্ধ ছিল না; এটি একটি টেকসই গবাদি প্রাণী পালন ব্যবস্থা গড়ে তুলতে প্রয়োজনীয় বৃহত্তর পরিবেশ ব্যবস্থাকেও বিবেচনায় নিয়েছে। প্রকল্পটি চর এলাকার কৃষকদের সঙ্গে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের (DLS) কার্যকর সংযোগ তৈরি করেছে, যার ফলে তারা সরকারি সেবা ও কারিগরি সহায়তা সহজে পেতে শুরু করেছে। উপজেলা পর্যায়ের অভিজ্ঞ প্রাণিসম্পদ কর্মকর্তারা সরাসরি কৃষকদের প্রশিক্ষণে অংশ নিয়েছেন, যাতে তারা জলবায়ু সহনশীল আধুনিক গবাদি প্রাণী পালন পদ্ধতি গ্রহণ করতে পারে।

তবে FRP শুধু গবাদি প্রাণী চিকিৎসা সেবায় থেমে থাকেনি। তারা বুঝেছে বাজারে সংযোগও সমান গুরুত্বপূর্ণ। তাই প্রকল্পটি চর এলাকার কৃষকদের সাথে প্রাণীপালনের উপকরণ সরবরাহকারী এবং গবাদি প্রাণী বিক্রির বাজারের সঙ্গে যুক্ত করেছে, যাতে তারা তাদের গবাদি প্রাণী পণ্য ন্যায্য মূল্যে বিক্রি করতে পারে। এতে পরিবারগুলোর আয় বেড়েছে এবং আর্থিকভাবে তারা আরও স্থিতিশীল হয়েছে, যা ভবিষ্যতের সংকট মোকাবেলায় সহায়ক।

## টেকসই উন্নয়নের পথে

গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার চর ভাটি কাপাসিয়ার সাফল্য FRP-এর একীভূত পদ্ধতির বাস্তব উদাহরণ। তিস্তা ও ব্রহ্মপুত্র নদী দ্বারা মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন এই চর অঞ্চলে প্রকল্পের কার্যক্রম গবাদি প্রাণী পালনে একটি বিপ্লব এনেছে। ফাতেমা বেগম বলেন, "FRP প্রকল্প আমাদের জীবিকায় উন্নতি এনেছে। গবাদি প্রাণীর স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বেড়েছে, গরু-ছাগল টিকাদান করা হয়েছে এবং স্থানীয় সেবাদানকারী, গবাদি প্রাণী পালক এবং উপজেলা প্রাণিসম্পদ অফিসের মধ্যে গুরুত্বপূর্ণ সংযোগ গড়ে উঠেছে।" CRAG-এর নেতৃত্বে, FRP এর সহায়তায়, কমিউনিটিতে বছরে দুইবার নিয়মিত টিকাদান ক্যাম্প অনুষ্ঠিত হচ্ছে।

## সহনশীলতা

এই অংশগ্রহণমূলক, সমন্বিত পদ্ধতি শুধু গবাদি প্রাণী'র স্বাস্থ্য ও উৎপাদনশীলতা বাড়ায়নি, বরং স্থানীয় তরুণদের ক্ষমতায়ন, বাজারজাত করার অনুকূল পরিবেশ সৃষ্টি এবং সরকারি সেবার সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক তৈরি করেছে। এটি একটি টেকসই, সহনশীল গবাদি প্রাণী পালন ব্যবস্থা গড়ে তুলেছে, যা জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম।

গবাদি প্রাণীর মৃত্যু হার কমে যাওয়ায় এখন অনেক পরিবার 'বেঁচে যাওয়া' গবাদি প্রাণী বিক্রি করে সেই অর্থ ব্যবহার করছে ঘর উঁচু করার মতো বন্যা সহনশীল কর্মকাণ্ডে। এতে করে বন্যার সময় পরিবারগুলোকে আশ্রয়কেন্দ্রে যেতে হচ্ছে না, বরং তারা ঘরে থেকে গবাদি প্রাণী গুলোকে উঁচু গোয়াল ঘরে রাখতেও সক্ষম হচ্ছে। এর মাধ্যমে জীবনযাত্রা যেমন নিরাপদ হয়েছে, তেমনি গবাদি প্রাণী পালনও হয়েছে আরও লাভজনক ও টেকসই।

## যদি গবাদি প্রাণী চিকিৎসাসেবা না থাকত, তাহলে কী হতো?

ফ্লাড রেজিলিয়েন্ট প্রজেক্ট (FRP) এর মাধ্যমে গবাদি প্রাণী চিকিৎসাসেবার ব্যবস্থা করা না হতো, তাহলে উত্তর-পশ্চিম বাংলাদেশের দুর্গম চর অঞ্চলের ৫০০টি গবাদি প্রাণী পালনকারী পরিবার এখনো জলবায়ু পরিবর্তনের ধ্বংসাত্মক প্রভাবের সঙ্গে লড়াই করে যাচ্ছিল। বার বার বন্যা ও গবাদি প্রাণী চিকিৎসার অভাবে বিশেষ করে বাছুরদের মধ্যে মৃত্যুর হার অনেক বেশি থাকত। এতে করে কৃষকরা তাদের প্রধান আয়ের উৎস হারাত, যা পরিবারগুলোকে আরও দারিদ্র্যের দিকে ঠেলে দিত এবং খাদ্য নিরাপত্তা হুমকির মুখে পড়ত।

প্রশিক্ষিত লোকাল সার্ভিস প্রোভাইডার (LSP) এবং কমিউনিটি-ভিত্তিক টিকাদান কার্যক্রম না থাকলে গবাদি প্রাণী সহজেই নানা রোগে আক্রান্ত হতো। এর ফলে উৎপাদনশীলতা কমে যেত এবং কৃষকদের আর্থিক ক্ষতি হতো। বাজারের সঙ্গে সংযোগ না থাকায় তারা তাদের গবাদি প্রাণীগুলি ন্যায্য দামে বিক্রি করতে পারত না, যা তাদের অর্থনৈতিক সহনশীলতাকে দুর্বল করত। এই পরিস্থিতিতে চর এলাকার মানুষ জলবায়ুর চ্যালেঞ্জ মোকাবেলায় প্রয়োজনীয় জ্ঞান, সম্পদ ও দক্ষতা ছাড়াই থেকে যেত এবং তারা দুর্বলতা ও দারিদ্র্যের এক চক্রেই আটকে থাকত।

## শিক্ষা এবং সম্প্রসারণের সম্ভাবনা

ফ্লাড রেজিলিয়েন্ট প্রজেক্ট (FRP) থেকে গুরুত্বপূর্ণ কিছু শিক্ষা পাওয়া গেছে, যা ভবিষ্যতে আরও বিস্তৃতভাবে প্রয়োগ করা যেতে পারে। সবচেয়ে বড় শিক্ষা হলো, কমিউনিটিকে কেন্দ্রে রেখে একীভূত পদ্ধতিতে কাজ করা অত্যন্ত কার্যকর। স্থানীয় মানুষদের অংশগ্রহণ নিশ্চিত করে CRAG গঠন এবং তরুণ-তরুণীদের প্রশিক্ষণ দিয়ে LSP হিসেবে গড়ে তোলার ফলে জনগণ নিজেরাই সমাধানে নেতৃত্ব দিয়েছে। এর মাধ্যমে প্রকল্পটি টেকসই হয়েছে এবং স্থানীয় সমস্যার ভিত্তিতে কার্যকর সমাধান এসেছে — যেমন গবাদি প্রাণী চিকিৎসা সেবা ও বাজার সংযোগ।

টিকাদান কার্যক্রম এবং উপজেলা প্রাণিসম্পদ অফিসের সঙ্গে সহযোগিতা থেকে বোঝা যায় যে, সরকারি সম্পদ ও কারিগরি জ্ঞানকে কাজে লাগিয়ে কমিউনিটিকে সক্ষম করে তোলা সম্ভব। এছাড়া, বাজারের সঙ্গে সংযোগ তৈরি করার ফলে কৃষকের আয় বেড়েছে, যা তাদের আর্থিক সহনশীলতা বৃদ্ধি করেছে।

FRP-এর এই পদ্ধতি সহজেই অন্যান্য দুর্যোগপ্রবণ এলাকায়ও প্রয়োগ করা যায়। স্থানীয় তরুণদের ক্ষমতায়ন, সরকারি সংস্থার সঙ্গে অংশীদারিত্ব এবং অর্থনৈতিক উন্নয়নকে একত্রিত করে এই মডেলটি যেকোনো অঞ্চলে বাস্তবায়নযোগ্য। একই ধরণের প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে গবাদি প্রাণী নির্ভর জীবিকাকে আরও শক্তিশালী করে জলবায়ু সহনশীলতা গড়ে তোলা সম্ভব। এটি একটি বাস্তবভিত্তিক, টেকসই উন্নয়ন মডেল, যা বিভিন্ন ধরনের চ্যালেঞ্জ মোকাবেলায় কার্যকর এবং দীর্ঘমেয়াদি প্রভাব রাখে।

FRP GP-09

# Functioning UDMCs towards community flood resilience

09



*Nur Moslema (33), a GUK community volunteer in Belka, Nobabganj, is guiding a group of women on how to purify and manage safe drinking water. She reaches out to the households immediately after an announcement of an impending flood. Volunteers like her, employed by Gana Unyan Kendra, serve as tireless advocates, educating flood-affected communities on preparedness and minimizing losses from the increasingly frequent floods in Sundarganj, Gaibandha. Photo: Saikat Mojumder/Concern Worldwide*

## The context

In disaster risk management, the effective participation of all stakeholders is very important. Recognizing the fact, the Government of Bangladesh (GoB) formed the Standing Orders on Disaster (SOD) in 2019. The objective was to inform all concerned about their roles and responsibilities at every stage of disaster risk management. As per the SOD, each ministry, division, department and agency will prepare its own detailed work plan to perform its responsibilities and functions efficiently; and will take necessary measures to implement it as per their own duty and capacity. To respond to a disaster, the National Disaster Management Council (NDMC) and the Inter-Ministerial Disaster Management Coordination Committee (IMDMCC) will coordinate disaster-related activities at the national level. Coordination at division, district, city corporation, upazila, pourashava, union and ward levels will be done by the respective Disaster Management Committees (DMC). Accordingly, Union Disaster Management Committees (UDMCs) were formed across the Flood Resilience Project (FRP) areas like other parts of the country.

While the establishment of the UDMCs took place rapidly, their development had been slow. The FRP, through its partner Gana Unnan Kendra (GUK), stepped in boosting functioning of UDMCs in the project area.

## The process of establishing relationship between FRP and UDMCs

The UDMCs were largely non-functional due to a range of reasons, including a lack of funding, a lack of understanding of their roles and responsibilities and a lack of capacity or knowledge to role such a range of comprehensive tasks across a union. The FRP, through its Community Resilience Action Groups (CRAGs), played a pivotal role in overcoming limitations of the functioning of the UDMCs. The FRP directly involved in 10 UDMCs in the project area. In addition to advocacy, the FRP has been sponsoring the alternate monthly meetings of UDMCs.

## The outputs and outcomes

By providing capacity building support including clarity on their roles and responsibility, eight UDMCs, working with FRP, are now functional; they are conducting regular meetings, completed Community Risk Assessment (CRA), and, more importantly, have completed and are implementing the Risk Reduction Action Plan (RRAP).

The UDMCs didn't have separate emergency fund initially, which hindered implementing their activities during emergency period. Those eight UDMCs successfully mobilized local resources as contingency fund, a total of BDT 128,322 (BDT 94,822 in Sundarganj sub-district and BDT 33,500 in Hatibandha sub-district). Utilization of those funds included dissemination of early warning message through mobile loudspeaker, rescuing activities conducted during flood, and minor repairs and renovation of embankments and roads. For example, Singgimari UDMC (under Hatibandha sub-district) provided support to renovate 130-foot road-cum-embankment. For this contribution, 2500 people in the three wards remained flood-free and Transplant Aman rice in 500 acres of land saved from damage.

The FRP and its implementing partner, GUK, successfully influenced local government (Union Parishad (UP)) to shift their focus from flood response and recovery to pre-event risk reduction activities. As a result, nine out of the ten FRP-involved UPs allocated BDT 14,407,425, BDT 29,427,425 and BDT 35,232,425 in the financial year 2022-2023, 2023-2024 and 2024-2025, respectively, in their annual development budgets aiming community disaster preparedness activities. Prior to this programme- influencing-initiatives, the UP budgets did not reflect any level of financing for preparedness activities. In addition, programme facilitated open budget sessions in working areas, which allowed communities to engage in the budgeting processes and put forward their disaster preparedness needs. Those budgets were used for road renovation, construction of wooden/bamboo bridge, supporting latrines repair, tube wells installation, and plantation.

A total of five CRAG members have been incorporated into the Belka UDMC, while 25 members from Sundarganj sub-district and 28 members from Hatibandha sub-district have been integrated into their respective UDMCs this year.

### Towards sustainability

The functioning of the UDMCs is the testimony of their sustainability. For example, at the forefront of one of these initiatives was Momena Begum, the UDMC's resolute vice chairperson in Belka union. **"When floods approached, our community was prepared,"** she recounted. **"The training we received from GUK on disaster preparedness and emergency response meant we knew what steps to take."**

Under Momena's leadership, CRAGs engaged in assessing community vulnerabilities and designing practical solutions. Participatory training sessions equipped CRAG members with vital skills in financial literacy, climate-smart agriculture, and early warning systems.

> **"The CRAG members became our eyes and ears," explained Belka Union Parishad Chairman Md. Ibrahim Khalilullah. "They adeptly communicated critical information to households, coordinated evacuations, and ensured that everyone received emergency supplies."**

Indeed, as floodwaters rose in 2022, CRAG volunteers mobilized promptly. They knocked on doors, alerting families to the impending danger and guiding them to safety. Collaborating with the UDMC, they distributed food, clean water, and medical supplies to those in need, while also helping authorities identify the most vulnerable individuals requiring immediate assistance.

For enthusiastic Momena and her fellow UDMC members, this is merely the beginning. They are already laying the groundwork for ambitious future initiatives, from enhancing early warning systems to advocating for essential infrastructure upgrades. Their vision is a community that not only withstands floods but flourishes amid an increasingly unpredictable climate.

**"This is our home, and we are not going anywhere,"** Momena declared with unwavering determination. **"We will continue to fight, adapt, and build a future that benefits us all. When this community unites, there is nothing we cannot achieve."**

### Resilience

Under the UDMC's guidance, CRAG members learned innovative techniques for cultivating flood-resistant crops and managing livestock more effectively. They also gained access to savings groups and microcredit programs, equipping families with financial tools to recover and adapt after disasters.

Integral to this process was the UDMC's commitment to ensuring women played a central role in resilience-building initiatives. **"Women are the backbone of our community,"** An UDMC member asserted. **"Their voices and contributions are essential in developing effective solutions for everyone." "We didn't just want to help people survive the floods - we sought to empower them to thrive despite their challenges,"** said the other member. **"Consequently, we focused on strengthening livelihoods, enhancing access to financial services, and promoting climate-smart agricultural practices."**

As floodwaters receded, the impact of the UDMC's efforts became increasingly apparent. Families that had previously struggled to recover from floods were now bouncing back more quickly. Household incomes stabilized, food security improved, and residents experienced a renewed sense of empowerment and agency in the face of uncertainty.

**"The UDMC has transformed our community,"** reflected Chairman Khalilullah. **"In the past, we felt powerless against the floods. Now, we know that by working together, we can overcome any challenge."**

### What would have happened today without the functioning UDMCs?

Without the functioning UDMCs, the life of thousands of inhabitants under FRP, would have remained unchanged – fear of uncertainty against the constant fear of another flood – a dim light and a dim future.

### Lessons learnt and potential for scalability

The properly functioning UDMC's impact extended beyond immediate emergency responses. Through their partnership with FRP and GUK, they implemented long-term measures designed to bolster the community's overall resilience.

The success of the UDMCs in FRP zone has attracted attention beyond its borders. Representatives from neighboring unions had visited to study their model, eager to replicate the approach of localized disaster management and community-driven resilience building.

In the FRP areas, the efforts of the UDMC stand as a testament to the power of community resilience, showing that through collaboration and empowerment, they can elevate their defenses against nature's fury and forge a brighter future together. This will be an example for non-functioning UDMCs.

# কার্যকরী UDMC সক্রিয় করেছে বন্যা সহনশীলতার দিগন্ত





নবাবগঞ্জের বেলকা এলাকায় গণ উন্নয়ন কেন্দ্র (GUK)-এর কমিউনিটি স্বেচ্ছাসেবক নূর মোসলেমা (৩৩) নারীদের একটি দলকে নিরাপদ পানীয় জল পরিশোধন ও ব্যবস্থাপনার কৌশল বিষয়ে সচেতন করছেন। সম্ভাব্য বন্যার পূর্বাভাস পাওয়ার পর তিনি দ্রুতই সংশ্লিষ্ট পরিবারগুলোর কাছে পৌঁছে গিয়ে প্রয়োজনীয় নির্দেশনা ও সহায়তা প্রদান করেন। GUK কর্তৃক নিয়োজিত এই ধরনের স্বেচ্ছাসেবীরা সুন্দরগঞ্জ, গাইবান্ধার বন্যাপ্রবণ এলাকায় সচেতনতা বৃদ্ধি, প্রস্তুতি গ্রহণ এবং ক্ষয়ক্ষতি কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। ছবি: সৈকত মজুমদার / কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড

## পটভূমি

দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনায় সকল অংশীজনের কার্যকর অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়টি মনে রেখে, বাংলাদেশ সরকার ২০১৯ সালে দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশ (SOD) প্রণয়ন করে। এই আদেশের উদ্দেশ্য ছিল দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার প্রতিটি পর্যায়ে সংশ্লিষ্ট সকলকে তাদের ভূমিকা ও দায়িত্ব সম্পর্কে অবহিত করা। SOD অনুসারে, প্রতিটি মন্ত্রণালয়, বিভাগ এবং সংস্থা তাদের দায়িত্ব ও কার্যাবলী দক্ষতার সাথে সম্পাদন করতে বিস্তারিত কাজের পরিকল্পনা তৈরি করবে এবং তা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। জাতীয় পর্যায়ে দুর্যোগ-সম্পর্কিত কার্যক্রম সমন্বয় করবে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল (NDMC) এবং আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটি (IMDMCC)। বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন এবং ওয়ার্ড পর্যায়ে এই সমন্বয় করবে সংশ্লিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (DMC)। দেশের অন্যান্য অংশের মতো বন্যা সহনশীলতা প্রকল্প (FRP) এলাকার ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (UDMC) গঠন করা হয়েছিল।

যদিও UDMC প্রতিষ্ঠা হয়েছিল দ্রুত, তাদের কার্যক্রম ছিল ধীর এবং শুধুমাত্র বন্যাকালীন। গণ উন্নয়ন কেন্দ্র (GUK) FRP প্রকল্পের কর্ম এলাকায় UDMC এর কার্যকারিতা বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহন করে।

## FRP এবং UDMC এর মাঝে সম্পর্ক স্থাপনের প্রক্রিয়া

UDMC গুলির কার্যকারিতা বিভিন্ন কারণে সীমিত ছিল, যার মধ্যে রয়েছে তহবিলের অভাব, ভূমিকা ও দায়িত্ব সম্পর্কে অস্পষ্টতা এবং একটি ইউনিয়ন জুড়ে ব্যাপক কাজ পরিচালনার দক্ষতা বা জ্ঞানের অভাব। FRP এবং তার কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গ্রুপ (CRAG) UDMC এর কার্যকারিতার সীমাবদ্ধতা কাটিয়ে উঠতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। FRP প্রকল্প এলাকার ১০টি UDMC তে সরাসরি কাজ করছে। অ্যাডভোকেসির পাশাপাশি, FRP, UDMC গুলির মাসিক মিটিংগুলির পৃষ্ঠপোষকতা করছে।

## কার্যকরী UDMC'র প্রভাব

FRP'র সাথে কাজ করা আটটি UDMC এখন কার্যকরী হয়েছে। তারা নিয়মিত মিটিং করছে, কমিউনিটি রিস্ক অ্যাসেসমেন্ট (CRA) সম্পন্ন করেছে এবং ঝুঁকি হ্রাস কর্ম পরিকল্পনা (RRAP) তৈরি ও বাস্তবায়ন করছে।

প্রাথমিকভাবে UDMC গুলির জরুরী তহবিল ছিল না, যা তাদের কার্যক্রমে বাধা দিয়েছিল। এখন, আটটি UDMC মোট ১২৮,৩২২ টাকা (সুন্দরগঞ্জ উপজেলায় ৯৪,৮২২ টাকা এবং হাতীবান্ধা উপজেলায় ৩৩,৫০০ টাকা) স্থানীয় সম্পদ থেকে সংগ্রহ করেছে। এই তহবিল ব্যবহার করা হচ্ছে আগাম সতর্কতা বার্তা প্রচার, বন্যার সময় উদ্ধার কার্যক্রম এবং রাস্তা ও বাঁধের ছোটখাটো মেরামতের জন্য। উদাহরণস্বরূপ, ২০২৪ সালে সিংগিমারী UDMC ১৩০ ফুট রাস্তা-কাম-বেড়িবাঁধ সংস্কারে সহায়তা করেছে, যা তিনটি ওয়ার্ডের ২৫০০ মানুষকে বন্যামুক্ত করেছে এবং ৫০০ একর জমিতে আমন ধান রক্ষা করেছে।

FRP এবং এর অংশীদার GUK স্থানীয় সরকারকে (ইউনিয়ন পরিষদ) প্রভাবিত করেছে যাতে তারা বন্যা প্রতিক্রিয়া ও পুনরুদ্ধার থেকে প্রাক-ইভেন্ট ঝুঁকি হ্রাসে গুরুত্ব আরোপ করে। এর ফলে, FRP-সংশ্লিষ্ট নয়টি ইউনিয়ন পরিষদ ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ এবং ২০২৪-২০২৫ অর্থবছরে তাদের বার্ষিক উন্নয়ন বাজেটে যথাক্রমে ১৪,৪০৭,৪২৫ টাকা, ২৮,৪২৭,৪২৫ টাকা এবং ৩৫,২৩২,৪২৫ টাকা বরাদ্দ করেছে প্রস্তুতি কার্যক্রমের জন্য।

কর্মক্ষেত্রে উন্মুক্ত বাজেট অধিবেশনের মাধ্যমে চরাঞ্চলের প্রান্তিক মানুষগুলি বাজেট প্রক্রিয়ায় জড়িত হতে এবং তাদের দুর্যোগ প্রস্তুতির প্রয়োজনীয়তা তুলে ধরতে পেরেছে। এই বাজেটগুলি রাস্তা সংস্কার, সেতু নির্মাণ, ল্যাট্রিন মেরামত, নলকূপ স্থাপন এবং বৃক্ষরোপণে ব্যবহার করা হয়েছে।

বেলকা UDMC তে মোট পাঁচজন UDMC এর সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়েছে, এবং সুন্দরগঞ্জ ও হাতীবান্ধা উপ-জেলা থেকে ২৫ ও ২৮ জন সদস্য তাদের নিজ নিজ UDMC তে অন্তর্ভুক্ত হয়েছে।

## স্থায়িত্বতা

UDMC গুলির কার্যকারিতা তাদের স্থায়িত্বের সাক্ষ্য বহন করে। উদাহরণস্বরূপ, মোমেনা বেগম, বেলকা ইউনিয়নের UDMC এর ভাইস চেয়ারম্যান, এই উদ্যোগগুলির একটির নেতৃত্ব দিচ্ছেন। তিনি বলেন, "যখন বন্যা আসার সম্ভাবনা দেখা দেয়, আমাদের কমিউনিটির জনগন প্রস্তুত ছিল। আমরা GUK থেকে দুর্যোগের প্রস্তুতি এবং জরুরী প্রতিক্রিয়া সম্পর্কে যে প্রশিক্ষণ পেয়েছি তার মানে আমরা জানতাম কী পদক্ষেপ নিতে হবে।"

মোমেনার নেতৃত্বে, CRAG এ কমিউনিটির দুর্বলতা মূল্যায়ন এবং ব্যবহারিক সমাধান ডিজাইন করার কাজে নিয়োজিত হয়েছে। অংশগ্রহণমূলক প্রশিক্ষণ সেশনের মাধ্যমে CRAG এর সদস্যরা আর্থিক সাক্ষরতা, জলবায়ু-স্মার্ট কৃষি এবং প্রাথমিক সতর্কতা ব্যবস্থার মতো গুরুত্বপূর্ণ দক্ষতা অর্জন করেছে।

বেলকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ইব্রাহিম খলিলুল্লাহ ব্যাখ্যা করেন, "CRAG এর সদস্যরা আমাদের চোখ-কান হয়ে উঠেছে। তারা নিখুঁতভাবে পরিষদের কাছে গুরুত্বপূর্ণ তথ্য যোগাযোগ করেছে, স্থানান্তরকে সমন্বিত করেছে এবং নিশ্চিত করেছে যে প্রত্যেকে জরুরি সরবরাহ পেয়েছে।"

২০২২ সালে বন্যার পানি বেড়ে যাওয়ার সময়, CRAG এর স্বেচ্ছাসেবকরা দ্রুত সংগঠিত হয়েছিল। তারা দুয়ারে দুয়ারে গিয়ে আসন্ন বিপদ সম্পর্কে পরিবারগুলোকে সতর্ক করে এবং তাদের নিরাপত্তার দিক নির্দেশনা দেয়। UDMC-এর সাথে মিলে প্রয়োজনীয় খাদ্য, বিশুদ্ধ পানি এবং চিকিৎসা সামগ্রী বিতরণ করেছে, এবং সবচেয়ে ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের সনাক্ত করতে কর্তৃপক্ষকে সহায়তা করেছে।

মোমেনা এবং তার সহকর্মী UDMC সদস্যরা ইতিমধ্যেই উচ্চাভিলাষী ভবিষ্যত উদ্যোগের ভিত্তি স্থাপন করছেন, যেমন প্রাথমিক সতর্কতা ব্যবস্থা বাড়ানো এবং প্রয়োজনীয় অবকাঠামোর উন্নয়নের জন্য সমর্থন আদায়। তাদের দৃষ্টিভঙ্গি এমন একটি সম্প্রদায় গড়ে তোলা যা কেবল বন্যা প্রতিরোধ করতে পারে না বরং ক্রমবর্ধমান বৈরী জলবায়ুর মধ্যেও টিকে থাকতে এবং উন্নতি করতে পারে।

"এটা আমাদের বাড়ি, আমরা কোথাও যাচ্ছি না," মোমেনা দৃঢ়তার সাথে বলেন। "আমরা লড়াই চালিয়ে যাব, মানিয়ে নেব এবং এমন একটি ভবিষ্যত গড়ে তুলব যা আমাদের সকলের জন্য উপকারী। এই সম্প্রদায় যখন একত্রিত হয়, তখন আমরা অর্জন করতে পারি না এমন কিছুই নেই।"

## বন্যা সহনশীলতা

UDMC-এর নির্দেশনায়, CRAG এর সদস্যরা বন্যা-প্রতিরোধী ফসল চাষ ও কার্যকর পশুসম্পদ ব্যবস্থাপনার উদ্ভাবনী কৌশল শিখেছে। তারা সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কর্মসূচিতেও প্রবেশাধিকার পেয়েছে, যা পরিবারগুলোকে বিপর্যয়ের পরে পুনরুদ্ধার ও মানিয়ে নিতে আর্থিক সহায়তা দিয়েছে।

এই প্রক্রিয়ার অবিচ্ছেদ্য অংশ ছিল সহনশীলতা নির্মাণের উদ্যোগে নারীদের কেন্দ্রীয় ভূমিকা নিশ্চিত করা। "নারীরা আমাদের সম্প্রদায়ের মেরুদণ্ড," একজন UDMC সদস্য জোর দিয়ে বলেন। "প্রত্যেকের জন্য কার্যকর সমাধান বিকাশে তাদের কণ্ঠস্বর ও অবদান অপরিহার্য।" আরেক সদস্য বলেন, "আমরা শুধু মানুষকে বন্যা থেকে বাঁচাতে চাইনি, বরং তাদের চ্যালেঞ্জ সত্ত্বেও উন্নতির জন্য ক্ষমতায়নের চেষ্টা করেছি। ফলে, আমরা জীবিকা শক্তিশালীকরণ, আর্থিক পরিষেবায় প্রবেশাধিকার বাড়ানো এবং এখন আমরা জলবায়ু-স্মার্ট কৃষি অনুশীলনের প্রচারে মনোনিবেশ করেছি।"

বন্যার পানি কমে যাওয়ার সাথে সাথে UDMC-এর প্রচেষ্টার প্রভাব স্পষ্ট হয়ে ওঠে। যে পরিবারগুলো আগে বন্যা থেকে পুনরুদ্ধারে লড়াই করত, তারা এখন দ্রুত ঘরে ফিরে আসছে। পরিবারের আয় স্থিতিশীল হয়েছে, খাদ্য নিরাপত্তা উন্নত হয়েছে, এবং বাসিন্দারা অনিশ্চয়তার মুখে একটি নতুন ক্ষমতায়ন ও সংস্থার অনুভূতি পেয়েছে।

"UDMC আমাদের সম্প্রদায়কে বদলে দিয়েছে," বলেন চেয়ারম্যান ইব্রাহীম খলিলুল্লাহ। "অতীতে, আমরা বন্যার বিরুদ্ধে শক্তিহীন বোধ করতাম। এখন, আমরা জানি যে একসঙ্গে কাজ করার মাধ্যমে আমরা যেকোনো চ্যালেঞ্জ কাটিয়ে উঠতে পারি।" ভাটি কাপাসিয়া সম্প্রদায়ের ফাতেমা বেগম বলেন - "FRP'র সাথে সংযুক্ত হওয়ার আগে আমি কখনো ইউনিয়ন পরিষদ অফিসে পদার্পণ করিনি। ইউনিয়ন পরিষদের সভায় কার্যকরী অংশ নিতে পারায় এবং পরিষদের চেয়ারম্যান ও স্থানীয় জনগণের সহযোগিতায়, আমি এখন কাপাসিয়া UDMC'র গর্বিত সদস্য। এই সাফল্য আমার মনোবল বাড়িয়েছে, গ্রামে আমার মর্যাদা বাড়িয়েছে এবং সম্প্রদায়ের সমস্যা সমাধানের চ্যালেঞ্জ মোকাবেলায় আমার উৎসাহ বাড়িয়েছে।"

## UDMC কর্মক্ষম না হলে কী ঘটত?

কার্যকরী UDMC না থাকলে, FRP-এর আওতাভুক্ত হাজার হাজার বাসিন্দার জীবন অপরিবর্তিত থাকত। তারা ক্রমাগত বন্যার ভয়ে দিন কাটাত, যা তাদের জীবনে অনিশ্চয়তা ও অন্ধকার ভবিষ্যত নিয়ে আসত।

## শিক্ষণীয় এবং প্রতিলিপির সম্ভাব্যতা

সঠিকভাবে কাজ করা UDMC-এর প্রভাব শুধু জরুরী প্রতিক্রিয়া নয়, এর বাইরেও প্রসারিত। FRP এবং GUK এর সাথে তাদের অংশীদারিত্বের মাধ্যমে, UDMC এখন সম্প্রদায়ের সহনশীলতা বৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী পদক্ষেপগুলি বাস্তবায়ন করেছে।

FRP অঞ্চলে UDMC-এর সাফল্য সকলের মনোযোগ আকর্ষণ করেছে। প্রতিবেশী ইউনিয়নগুলির প্রতিনিধিরা তাদের মডেল অধ্যয়ন করতে এলাকা পরিদর্শন করেছেন, স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা এবং কমিউনিটি-চালিত সহনশীলতা পদ্ধতি গ্রহণ করতে আগ্রহী হচ্ছেন।

FRP এলাকায়, UDMC-এর প্রচেষ্টাগুলি দেখিয়েছে যে সহযোগিতা এবং ক্ষমতায়নের মাধ্যমে, তারা প্রকৃতির ক্রোধের বিরুদ্ধে প্রতিরক্ষা উন্নত করতে এবং একসাথে একটি উজ্জ্বল ভবিষ্যত গঠন করতে পারে। এটি অকার্যকর UDMCগুলির জন্য একটি উদাহরণ হিসেবে কাজ করবে।

"এটা আমাদের বাড়ি, আমরা কোথাও যাচ্ছি না," মোমেনা দৃঢ়তার সাথে বলেন। "আমরা লড়াই চালিয়ে যাব, মানিয়ে নেব এবং এমন একটি ভবিষ্যত গড়ে তুলব যা আমাদের সকলের জন্য উপকারী। এই সম্প্রদায় যখন একত্রিত হয়, তখন আমরা অর্জন করতে পারি না এমন কিছুই নেই।"

FRP GP-10

10

# Building community connectivity for flood resilience: Transforming lives in char lands



*Since the construction of the road in Dhubni, Hatibandha, school children are now able to attend classes regularly. On one side of the road, there are two primary schools with approximately 400 students who rely on it for their daily commute. Photo: Saikat Mojumder/Concern Worldwide*

## The context

The communities in Char Kapasia of Vati Kapasia Union under Sundarganj sub-district of Gaibandha district, by nature, face significant challenges due to frequent flooding. Over the years, the repeated floods submerged a section of the major low-lying earthen road, severing connections between communities and causing severe disruptions to daily communication. Inhabitants were unable to travel, preventing them from accessing markets to sell their produces and/or purchase essential goods, which critically impacted their livelihoods. Children could not attend school, interrupting their education and jeopardizing the future of the community.

## The consequences

The absence of reliable road infrastructure during flood events left the community isolated and vulnerable, unable to carry out normal activities. This isolation not only intensified economic difficulties but also deepened social hardships, underscoring the urgent need for resilient infrastructure to ensure connectivity and stability during flooding.

The recurring floods created persistent challenges, severing access to essential services and opportunities. Floodwaters regularly disrupt transportation, leaving residents unable to reach markets, schools, or healthcare facilities. Farming households, unable to transport their produce, were forced to sell at lower prices directly from the farm. Middlemen exploit this situation, taking the goods to markets and depriving farmers of fair compensation. The road network's disconnection during the rainy season, often lasting two to three months, leaves van and rickshaw pullers without income, further compounding economic hardships.

Children are forced to halt their education, and families struggle to maintain their livelihoods amidst the isolation caused by the floods. This lack of reliable infrastructure not only disrupts daily life but also perpetuates cycles of economic vulnerability and social instability, highlighting the urgent need for sustainable solutions to address these recurring challenges.

## The process of building the earthen road

The implementation of the road construction project in Char Kapasia Union followed a strategic and inclusive process to address recurring flood-related disruptions. A collaborative effort with the Community Resilience Action Group (CRAG) and the local Union Parishad ensured seamless execution. Joint planning led to the rehabilitation of an earthen road, a critical infrastructure for maintaining community connectivity.

A strategic decision was made to elevate the road 3 to 4 feet above flood levels, guaranteeing year-round accessibility and mitigating the impact of seasonal floods.

The success of this project can be largely attributed to the collaborative efforts of the Flood Resilient Project (FRP), the Community Resilience Action Group (CRAG), and the local Union Parishad. This synergetic approach ensured the smooth implementation of the road construction and fostered a sense of community ownership.

### The output

A remarkable transformation was set in motion in June 2023 by constructing a climate-resilient road. This infrastructure project, spanning over 2,241 feet and 12 feet in width, has empowered more than 2,100 households across multiple villages, including Fakirer Gram, Kaderer Char, Ujan Bural, Moddhapara, Purbapara, Uttorpara, Keranir Char, Bazar Char, Ucha Char, Badamer Char, Kajiar Char, Purba Badamer Char, Adarsha Bazar, and Abason Prokalpa.

### The outcomes

The simple yet ingenious design of the climate-resilient road has profoundly transformed the lives of the Char Kapasia Union community in Gaibandha. By ensuring the road remains passable even during severe floods, this solution has effectively addressed the community's greatest challenge, restored connectivity and fostered resilience.

Farmers now have direct access to markets, enabling them to transport and sell agricultural commodities like milk, eggs, and produce without middlemen exploiting the situation. This newfound autonomy has significantly boosted their incomes and economic opportunities. The van and rickshaw pullers also benefit from uninterrupted income, even during the rainy season, as reliable transportation ensures consistent work.

Year-round accessibility to education has ensured that schools remain open, allowing children to continue their studies without interruptions caused by flooding. Additionally, the road has improved access to primary healthcare, enabling patients and elderly residents to reach medical facilities with ease.

The project's community-centric approach prioritized resolving disruptions to daily life, market access, and education. By addressing these critical needs, the road has not only restored connectivity but also bolstered the community's overall resilience. Its strategic design ensures continuous movement, improving stability and quality of life for all residents.

The transformation has also empowered women, providing them with opportunities to engage in economic activities. This success story illustrates the far-reaching impact of climate-resilient infrastructure, symbolizing hope, stability, and progress. The road serves as a model for sustainable development, demonstrating how targeted interventions can overcome environmental challenges and create lasting change for vulnerable communities.

### Maintenance for sustainability

The CRAG members have been playing a crucial role in ensuring the long-term sustainability of the road. By planting vetiver, pink morning glory, banana, and mango trees along the roadside, they have taken proactive measures to preserve and stabilize the infrastructure. This community-driven approach demonstrates the residents' commitment to maintaining this vital lifeline and safeguarding their newfound connectivity.

### Resilience

By elevating the road above the flood danger level, the project has not only enhanced physical connectivity but has also strengthened the community's ability to withstand and adapt to the devastating effects of flooding. This innovative approach has laid the foundation for a more prosperous and secure future for the residents of Char Kapasia Union and surrounding areas, where flood canot not hinder their every-day life.

### What would have happened today without the new road?

Without the construction of the climate-resilient road, the communities in Char Kapasia Union would have continued to face severe isolation and disruptions during the flood season. Residents would have struggled to access markets, undermining their livelihoods and economic opportunities. Children's education would have been severely impacted, as they would have been unable to attend school regularly. The lack of reliable transportation would have further exacerbated the hardships faced by the community, particularly in accessing essential services such as healthcare. The profound transformation enabled by the elevated road would not have been possible, and the vulnerable communities would have remained trapped in a cycle of isolation and diminished resilience.

### Lessons learnt and potential for scalability

The Char Kapasia road project stands as a beacon of resilience-building, offering valuable insights for future initiatives. Its success hinged on the collaborative efforts of the Flood Resilient Project (FRP), Community Resilience Action Group (CRAG), and Union Parishad, ensuring effective implementation and fostering strong community ownership. The strategic decision to elevate the road above flood levels proved transformative, underscoring the critical role of targeted engineering solutions in addressing climate-related vulnerabilities.

The community's proactive role in maintaining the road, exemplified by CRAG's tree-planting initiatives, highlights the importance of collective responsibility and local stewardship. This sense of ownership not only ensures the road's sustainability but also empowers communities to safeguard essential infrastructure for the long term.

The project's replicability is profound, serving as a model for constructing climate-resilient infrastructure across other flood-prone Charland (riverine) regions of Bangladesh. By adopting the project's successful strategies—collaborative stakeholder engagement, strategic elevation design, and community-based maintenance—similar regions can achieve comparable transformations.

The Char Kapasia road project demonstrates how targeted, inclusive interventions can mitigate connectivity challenges, enhance community resilience, and pave the way for sustainable development in vulnerable areas, setting a precedent for scalable and impactful infrastructure solutions.

# যোগাযোগ সংযোগে চরাঞ্চলের বন্যা সহনশীলতার বিকাশ





ধুবনীর হাতিবান্ধায় রাস্তাটি নির্মিত হওয়ায় স্কুলের ছাত্রছাত্রীরা এখন নিয়মিত সহজে ক্লাসে যেতে পারছে। রাস্তাটির একপাশে দুটি প্রাথমিক বিদ্যালয় রয়েছে, যেখানে প্রায় ৪০০ শিক্ষার্থী তাদের দৈনন্দিন যাতায়াতের জন্য এই রাস্তাটির ওপর নির্ভর করে। ছবি: সৈকত মজুমদার / কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড

## পটভূমি

বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলের গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার অন্তর্গত ভাটি কাপাসিয়া ইউনিয়নের চর কাপাসিয়া জনগোষ্ঠী প্রকৃতিগতভাবে ঘন ঘন বন্যার চ্যালেঞ্জের সম্মুখীন। প্রতিবছরই এলাকার প্রধান রাস্তার একটি নিচু অংশ পানিতে ডুবে যায়, যার ফলে এলাকার সাথে বাজারের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায় এবং দৈনন্দিন যোগাযোগ মারাত্মকভাবে ব্যাহত হয়। বাসিন্দাদের তাদের প্রয়োজনীয় জিনিসপত্র বাজারে নিয়ে এসে বিক্রি করতে বাধার সম্মুখীন হতে হতো, যা তাদের সাধারণ জীবিকা নির্বাহকে প্রভাবিত করত। শিশুরা স্কুলে যেতে পারত না, তাদের লেখাপড়া ব্যাহত হতো এবং সম্প্রদায়ের ভবিষ্যৎ হুমকির মুখে পড়ত।

বন্যার সময় নির্ভরযোগ্য সড়ক অবকাঠামোর অনুপস্থিতি জনগণের বিচ্ছিন্নতা ও দুর্বলতাকে বাড়িয়ে তোলে, তাদের স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করতে অক্ষম করে। এই বিচ্ছিন্নতা শুধুমাত্র অর্থনৈতিক অসুবিধাকেই তীব্র করত না, বরং সামাজিক কষ্টকেও বাড়িয়েছিল। ফলে, বন্যার সময় যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করার জন্য টেকসই অবকাঠামো স্থাপন করা জরুরি হয়ে ওঠে।

পুনঃপুনঃ বন্যা ক্রমাগত চ্যালেঞ্জ তৈরি করে, প্রয়োজনীয় পরিষেবা এবং সুযোগগুলিতে প্রবেশাধিকার বিচ্ছিন্ন করে। বন্যার পানি সাধারণ পরিবহন ব্যবস্থা ব্যাহত করে, বাসিন্দাদের বাজার, স্কুল বা স্বাস্থ্যসেবা সুবিধাগুলিতে পৌঁছাতে অক্ষম করে। এলাকাবাসী তাদের পণ্য পরিবহনে অক্ষমতার কারণে সরাসরি খামার থেকেই কম দামে বিক্রি করতে বাধ্য হয়। মধ্যস্বত্বভোগীরা এই পরিস্থিতিকে কাজে লাগায় এবং কৃষকদের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত করে। বর্ষাকালে ২-৩ মাস সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়ায় ভ্যান ও রিকশাচালকদের আয়ের প্রবাহে বাধা সৃষ্টি হয়, যা তাদের অর্থনৈতিক দুর্ভোগ বাড়ায়।

শিশুরা সাময়িকভাবে তাদের শিক্ষা ২-৩ মাস বন্ধ রাখতে বাধ্য হয়, এবং পরিবারগুলি বন্যার কারণে সৃষ্ট বিচ্ছিন্নতার মধ্যে তাদের জীবিকা নির্বাহের জন্য সংগ্রাম করে চলে। একটি নির্ভরযোগ্য অবকাঠামোর অভাব শুধু দৈনন্দিন জীবনকেই ব্যাহত করে না, বরং অর্থনৈতিক দুর্বলতা এবং সামাজিক অস্থিতিশীলতার চক্রকে স্থায়ী করে। এলাকাবাসী পুনরাবৃত্তি মূলক চ্যালেঞ্জগুলো মোকাবেলার জন্য টেকসই সমাধানের জরুরি প্রয়োজনীয়তা অনুভব করতে থাকে।

## রাস্তা তৈরি ও সংস্কার

বারবার বন্যাজনিত প্রতিবন্ধকতা মোকাবেলায় চর কাপাসিয়া ইউনিয়নে সড়ক নির্মাণ প্রকল্পের বাস্তবায়ন একটি কৌশলগত এবং অন্তর্ভুক্তিমূলক প্রক্রিয়া অনুসরণ করে। কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গ্রুপ (CRAG) এবং স্থানীয় ইউনিয়ন পরিষদের সাথে একটি সহযোগিতামূলক সম্পর্ক প্রতিষ্ঠা করা হয়। এই যৌথ পরিকল্পনা একটি মাটির রাস্তার পুনর্বাসনের দিকে পরিচালিত করে, যা সম্প্রদায়ের সংযোগ বজায় রাখার জন্য একটি গুরুত্বপূর্ণ অবকাঠামো। রাস্তাটিকে বন্যার স্তর থেকে ৩-৪ ফুট উপরে উন্নীত করার জন্য একটি কৌশলগত সিদ্ধান্ত নেওয়া হয়, যা সারা বছর যোগাযোগের নিশ্চয়তা এবং মৌসুমী বন্যার প্রভাব প্রশমিত করবে।

এই প্রকল্পের সাফল্যের জন্য মূলত ফ্লাড রেজিলিয়েন্ট প্রজেক্ট (FRP), কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গ্রুপ (CRAG) এবং স্থানীয় ইউনিয়ন পরিষদের সহযোগিতামূলক প্রচেষ্টাকে সাধুবাদ দেয়া যেতে পারে। এদের মাঝে সেতু বন্ধনই রাস্তা নির্মাণের পথকে মসৃণ করেছে এবং সম্প্রদায়ের মালিকানার অনুভূতি জাগিয়েছে।

## সংযোগ পুনরুদ্ধারের প্রভাব

২০২৩ সালের জুনে একটি জলবায়ু-সহিষ্ণু রাস্তা নির্মাণের মাধ্যমে এলাকার একটি উল্লেখযোগ্য রূপান্তরে গতি এনেছে। ২,২৪১ ফুট দৈর্ঘ্যের এবং ১২ ফুট প্রস্থের এই অবকাঠামোটি ফকিরের গ্রাম, কাদেরের চর, উজান বুরাল, মোধাপাড়া, পূর্বপাড়া, উত্তরপাড়া, কেরানির চর, বাজার চর, উচা চর, বাদামের চর, কাজিয়ার চর, পূর্ব বাদামের চর, আদর্শ বাজার, এবং আবাসন প্রকল্পসহ একাধিক গ্রামে ২,১০০ টিরও বেশি পরিবারকে ক্ষমতায়ন করেছে।

একটি সাধারণ অথচ উদ্ভাবনী নকশার জলবায়ু-সহিষ্ণু রাস্তা গাইবান্ধার চর কাপাসিয়া ইউনিয়নের জনগণের জীবনকে গভীরভাবে বদলে দিয়েছে। মারাত্মক বন্যার সময়ও রাস্তাটি যাতে চলাচলের উপযোগী থাকে তা নিশ্চিত করার মাধ্যমে, এই সমাধানটি কার্যকরভাবে সম্প্রদায়ের সবচেয়ে বড় চ্যালেঞ্জ মোকাবেলা করেছে, সংযোগ পুনরুদ্ধার করেছে এবং স্থিতিস্থাপকতা বৃদ্ধি করেছে।

এলাকাবাসীরা এখন বাজারে সরাসরি প্রবেশ করতে পারছে, যা তাদের মধ্যস্বত্বভোগীদের সাহায্য ছাড়াই কৃষি পণ্য পরিবহন ও বিক্রি করতে সাহায্য করছে। এতে তাদের আয় এবং অর্থনৈতিক সুযোগগুলি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। রিকশাচালকরাও নীরবিচ্ছিন্ন আয় থেকে উপকৃত হচ্ছে। ভ্যান এবং রিকশাচালকরাও নিরবচ্ছিন্ন আয় থেকে উপকৃত হচ্ছে, এমনকি বর্ষাকালেও রিকশাচালকদের আয় নিরবিচ্ছিন্নভাবে অব্যাহত রয়েছে।

স্কুলগুলো এখন সারাবছর খোলা থাকছে, শিশুরাও কোন বাধা ছাড়াই পড়াশোনা চালিয়ে যেতে পারছে। উপরন্ত, রাস্তাটি প্রাথমিক স্বাস্থ্যসেবার প্রবেশাধিকার নিশ্চিত করেছে, রোগী এবং বয়স্ক বাসিন্দাদের সহজে চিকিৎসা সুবিধায় পৌঁছাতে সক্ষম হয়েছে।

প্রকল্পের সম্প্রদায়-কেন্দ্রিক দৃষ্টিভঙ্গি এলাকার প্রাত্যহিক জীবন, বাজারের প্রবেশাধিকার এবং শিক্ষার প্রতিবন্ধকতা সমাধানকে অগ্রাধিকার দিয়েছে। এই গুরুত্বপূর্ণ প্রয়োজনগুলো মোকাবেলা করার মাধ্যমে, রাস্তাটি কেবল সংযোগ পুনরুদ্ধার করেনি বরং সম্প্রদায়ের সামগ্রিক স্থিতিস্থাপকতাকেও শক্তিশালী করেছে। এর কৌশলগত নকশা অবিচ্ছিন্ন চলাচল নিশ্চিত করেছে, গোটা বাসিন্দাদের জন্য স্থিতিশীলতা এবং জীবনযাত্রার মান উন্নত করেছে।

এই রূপান্তর নারীদের ক্ষমতায়ন করেছে, তাদের অর্থনৈতিক কর্মকাণ্ডে জড়িত হওয়ার সুযোগ করে দিয়েছে। এই সাফল্যের গল্পটি আশা, স্থিতিশীলতা এবং অগ্রগতির প্রতীক জলবায়ু-সহিষ্ণু অবকাঠামোর সুদূরপ্রসারী প্রভাবকে চিত্রিত করে। রাস্তাটি টেকসই উন্নয়নের মডেল হিসেবে কাজ করছে, এটি দেখিয়েছে যে কীভাবে লক্ষ্যবস্তু উদ্যোগগুলি পরিবেশগত চ্যালেঞ্জগুলি কাটিয়ে উঠতে পারে এবং দুর্বল সম্প্রদায়ের জন্য স্থায়ী পরিবর্তন তৈরি করতে পারে।

"আদর্শ বাজার থেকে ভাটি বনচাগরি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সংযোজিত ২,২৪১ ফুটের রাস্তাটিকে ধন্যবাদ" - বলছেন উজান বুরালি কমিউনিটির CRAG সদস্য জনাব আব্দুল মতিন মিয়া। তাঁর ভাষায়, "এখন নিয়মিত ১০০ - ১৫০ জন শিশু আমাদের গ্রাম থেকে সারা বছরই স্কুলে যেতে পারে। বন্যাকালীন সময়ে আগে যেটা সম্ভব হতো না। স্কুলের ক্লাস বন্ধ থাকতো, যা এখন আর হয় না। এখন জীবন অনেক সহজ হয়ে গেছে। আমরা এখন আমাদের জীবনের নিশ্চয়তা অনুভব করি, আশান্বিত ভবিষ্যৎ দেখতে পাই।"

## স্থায়িত্বতা

রাস্তার দীর্ঘমেয়াদী টেকসই নিশ্চিত করতে CRAG সদস্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। রাস্তার ধারে, ঢোল কলমি, কলা, আম, তথা অন্যান্য রাস্তা প্রতিরোধী গাছ লাগানোর মাধ্যমে তারা অবকাঠামো সংরক্ষণ ও স্থিতিশীল করার জন্য সক্রিয় পদক্ষেপ নিয়েছে। সম্প্রদায়-চালিত এই প্রচেষ্টা এই অত্যাবশ্যক জীবনরেখা বজায় রাখতে এবং তাদের নতুন সংযোগ রক্ষা করার জন্য বাসিন্দাদের প্রতিশ্রুতি প্রদর্শন করছে, যা অবিরত চলছে।

## বন্যা সহনশীলতা

বন্যার বিপদসীমার উপরে রাস্তাটিকে উন্নীত করার মাধ্যমে, প্রকল্পটি শুধুমাত্র ভৌত সংযোগই বাড়ায়নি বরং বন্যার বিধ্বংসী প্রভাব প্রতিরোধ ও মানিয়ে নেওয়ার জন্য সম্প্রদায়ের ক্ষমতাকেও শক্তিশালী করেছে। এই উদ্ভাবনী পদ্ধতি চর কাপাসিয়া ইউনিয়ন এবং আশেপাশের এলাকার বাসিন্দাদের জন্য আরও সমৃদ্ধ এবং নিরাপদ ভবিষ্যতের ভিত্তি স্থাপন করেছে, যেখানে বন্যা এখন তাদের দৈনন্দিন জীবনকে বাধাগ্রস্ত করতে পারে না।

## নতুন রাস্তা না হলে আজ কী হতো?

জলবায়ু-সহিষ্ণু সড়ক নির্মাণ না হলে চর কাপাসিয়া ইউনিয়নের জনগণ বন্যা মৌসুমে চরম বিচ্ছিন্নতা ও বিপর্যয়ের সম্মুখীন হতো। বাসিন্দারা তাদের জীবিকা এবং অর্থনৈতিক সুযোগগুলো ব্যাহত হওয়ায় বাজারে প্রবেশের জন্য লড়াই করতেন। শিশুদের পড়ালেখা মারাত্মকভাবে প্রভাবিত হতো, কারণ তারা নিয়মিত স্কুলে যেতে পারতো না। নির্ভরযোগ্য পরিবহনের অভাব সম্প্রদায়ের সম্মুখীন হওয়া অসুবিধাগুলো আরও বাড়িয়ে তুলতো, বিশেষত স্বাস্থ্যসেবা মতো প্রয়োজনীয় পরিষেবাগুলোর প্রবেশাধিকার হ্রাস করেছিল। এলিভেটেড রোডের দ্বারা সক্ষম হওয়া গভীর রূপান্তর সম্ভব হতো না এবং দুর্বল সম্প্রদায়গুলো বিচ্ছিন্নতার চক্রে আটকে থাকতো, ফলে এলাকার বন্যা স্থিতিস্থাপকতা হ্রাস পেত।

## শিক্ষণীয় এবং প্রতিলিপির সম্ভাব্যতা

চর কাপাসিয়া সড়ক প্রকল্পটি ভবিষ্যৎ উদ্যোগের জন্য মূল্যবান অন্তর্দৃষ্টি প্রদান করে বন্যা সহনশীলতা পুনর্নির্মাণের আলোকবর্তিকা হিসেবে দাঁড়িয়ে আছে। এর সাফল্য FRP, CRAG এবং ইউনিয়ন পরিষদের সহযোগিতামূলক প্রচেষ্টার উপর নির্ভর করে কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করেছে এবং সম্প্রদায়ের শক্তিশালী মালিকানাকে উৎসাহিত করেছে। বন্যার স্তরের উপরে রাস্তাটিকে উন্নীত করার কৌশলগত সিদ্ধান্ত রূপান্তরমূলক প্রমাণিত হয়েছে, জলবায়ু-সম্পর্কিত দুর্বলতাগুলো মোকাবিলায় লক্ষ্যযুক্ত প্রকৌশল সমাধানগুলির গুরুত্বপূর্ণ ভূমিকার উপর জোর দিয়েছে।

রাস্তা রক্ষণাবেক্ষণে সম্প্রদায়ের সক্রিয় ভূমিকা, যা CRAG-এর বৃক্ষ-রোপণ উদ্যোগের মাধ্যমে উদাহরণস্বরূপ প্রদর্শিত, সমষ্টিগত দায়িত্বের গুরুত্ব সৃষ্টি করেছে। মালিকানার এই অনুভূতি শুধু রাস্তার স্থায়িত্ব নিশ্চিত করে না বরং দীর্ঘমেয়াদে প্রয়োজনীয় অবকাঠামো রক্ষা করতে সম্প্রদায়কে ক্ষমতায়ন করেছে।

বাংলাদেশের অন্যান্য বন্যা-প্রবণ চর অঞ্চল জুড়ে জলবায়ু-স্থিতিস্থাপক অবকাঠামো নির্মাণের জন্য একটি মডেল হিসেবে কাজ করবে এই উদ্যোগ এবং এর প্রতিলিপিযোগ্যতা বিতর্কের ঊর্ধ্বে। প্রকল্পের সফল কৌশলগুলি-সহযোগী অংশীজনের সম্পৃক্ততা, কৌশলগত উচ্চতার নকশা, এবং সম্প্রদায়-ভিত্তিক রক্ষণাবেক্ষণ গ্রহণ করার মাধ্যমে অনুরূপ অঞ্চলগুলি তুলনামূলক রূপান্তর অর্জন করতে পারবে।

চর কাপাসিয়া সড়ক প্রকল্পটি দেখিয়েছে যে কীভাবে লক্ষ্যবস্তু, অন্তর্ভুক্তিমূলক হস্তক্ষেপগুলি সংযোগের চ্যালেঞ্জগুলি প্রশমিত করতে পারে, সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা বাড়াতে পারে এবং ঝুঁকিপূর্ণ এলাকায় টেকসই উন্নয়নের পথ প্রশস্ত করতে পারে—ফলে এর প্রতিলিপির যোগ্যতা অনস্বীকার্য।

# Elevated homestead plinths: Safeguarding households from flooding




*Nuruzzaman (52) and his wife Housenare (45), have benefited from the Alliance programme. They have three daughters and two sons. Yasmin (15), Rarasel (6), Yasin, Rashida (23). They live in the Rangpur district in northern Bangladesh. They are from Goddimari, Lalmonirhat District, Rangpur. Being beside the Test river means this community are on the front lines of flooding in this area. Photo: Gavin Douglas/ Concern Worldwide*

## The context

The Sundarganj sub-district in Gaibandha district, part of Bangladesh's flood-prone delta, faces recurring challenges from frequent inundation. Vulnerable households in Char Kasaia suffer significant impacts, including extensive damage of homes, loss of assets, and disruption of livelihoods. The low-lying homestead locations heighten their exposure, leaving families to grapple with food and clean water shortages and increasing health risks from waterborne diseases. Flooding forces many to repeatedly rebuild or relocate, straining already limited resources and perpetuating economic instability. The lack of stable shelter exacerbates insecurity, creating a cycle of vulnerability that is difficult to break. These challenges underline the need for sustainable interventions to mitigate flood risks, strengthen community resilience, and ensure access to essential resources, safeguarding the well-being of families in this flood-affected region.

## The misery

Floods have devastating effects on poor households, intensifying their vulnerability and trapping them in cycles of poverty. Disasters often destroy homes, leaving families exposed to harsh conditions and dependent on temporary shelter. Vital assets such as livestock, crops, and food reserves are frequently lost, eliminating key sources of income and sustenance. This disruption of livelihoods forces families into financial insecurity and debt, making recovery an uphill battle.

Access to clean water and sanitation becomes severely limited, heightening the risk of waterborne diseases. Education is disrupted as children are unable to attend school, further jeopardizing the future of affected families. Psychological stress and uncertainty about recovery compound these challenges, while limited resources for rebuilding leave many struggling to regain stability. The long-term economic and social repercussions of floods perpetuate hardship, making it increasingly difficult for households to break free from disaster-induced poverty.

## The process of building the structures

The initiative to elevate homestead plinths in Vati Kapasia Union addressed the persistent challenges caused by recurring floods. Spearheaded by the Flood Resilient Project (FRP) in collaboration with the Community Resilience Action Group (CRAG) and local governance bodies, the project adopted a holistic approach. Key measures included raising homesteads, planting trees as natural flood barriers, and fostering community involvement to ensure sustainability. This initiative provided immediate protection and significantly enhanced long-term resilience, transforming the lives of affected families.

To identify the most vulnerable households, the FRP, CRAG, and Union Parishad conducted door-to-door assessments, listing 50 households in low-lying areas at high risk of inundation.

The primary intervention involved elevating homesteads by raising plinths 3–4 feet above floodwater levels. This provided a secure foundation, protecting families' homes from recurring floods. Budget estimates were prepared for each household, and in the first phase, 15 families received support to safeguard their homes and resume livelihoods without fear of flood damage.

To further enhance resilience, CRAG implemented an environmental initiative by planting trees, including mango, neem, blackberry, betel nut, and coconut, around the raised homesteads. These trees served as natural flood barriers while offering economic benefits from fruit and nut harvests.

These comprehensive measures have significantly improved the security, stability, and sustainability of the supported families. Plans are underway to assist the remaining 35 households, reinforcing the project's commitment to building a resilient and self-reliant community in flood-prone areas.

## The output

In the first phase, 15 families received support to safeguard their homes and resume livelihoods without fear of flood damage.

## The outcomes

The Char Kapasia Plinth Elevation Model has profoundly improved the lives of vulnerable families, offering security against floods and fostering economic stability and future opportunities. By raising homesteads above flood levels, the project safeguarded homes, enabling families to remain safe during floods and continue their daily activities without disruption. Livelihoods, such as livestock farming, were protected, ensuring economic stability, while minimized school closures allowed children to continue their education, contributing to long-term community development.

Environmental enhancements were achieved through tree plantations around elevated homesteads, serving as natural flood barriers, reducing soil erosion, and providing economic opportunities through fruit and nut harvests.

Elevated homes reduced exposure to waterborne diseases, promoting better hygiene and improved health conditions. Enhanced sanitation and reduced health risks further improved living conditions, while uninterrupted education ensured continued progress for children and the broader community.

Active collaboration with local groups fostered community ownership and strengthened networks, ensuring the sustainability of these efforts. By working with local stakeholders, the project created a replicable model of resilience. With plans to assist additional families, this initiative paves the way for sustainable solutions to challenges faced by flood-prone communities.

## Towards sustainability

Maintenance is vital for the sustainability of the Char Kapasia Plinth Elevation Model, ensuring its long-term effectiveness. Residents have been playing a key role in preserving elevated homesteads by conducting regular inspections and reinforcing plinths, particularly after heavy rains or floods, to prevent erosion and structural damage. Planting and caring for trees around homesteads strengthen resilience by creating natural barriers against floodwaters and reducing soil erosion. Proper drainage maintenance further prevents waterlogging, reducing risks to plinth stability.

Community involvement is central to this effort, supported by periodic awareness sessions on maintenance good practices and environmental conservation. Collaboration with local governance bodies ensures access to technical support and resources as needed. Sustainable practices such as composting and agroforestry enhance soil health and bolster resilience. By combining regular upkeep with active community participation, the Char Kapasia Plinth Elevation Model can continue to protect livelihoods and promote long-term resilience against flooding.

## Resilience

Where floods are a way of life, households must adapt to coexist with the risk. Elevating homestead plinths is a critical, pragmatic solution that offers stability and safety. This intervention allows families to remain in their homes during floods, avoiding the disruption of seeking temporary shelter. Elevated plinths also provide secure spaces for livestock, safeguarding vital economic assets.

The Char Kapasia Plinth Elevation Model exemplifies resilience—the community's capacity to withstand and recover from floods. By raising homesteads above flood levels, families are protected from displacement and asset loss, enabling continuity in agricultural and livestock activities. Tree plantations around elevated plinths create natural barriers, mitigating soil erosion and enhancing environmental sustainability while offering economic benefits through harvestable resources.

Resilience extends to improved health outcomes, as elevated homes reduce exposure to waterborne diseases and improve hygiene. Children benefit from uninterrupted schooling, fostering long-term development. Community participation in maintenance and planning strengthens social cohesion, instilling a shared sense of responsibility.

This holistic approach integrates physical protection, economic stability, and social empowerment, enabling families to thrive despite recurring floods. The model's success underscores the importance of sustainable interventions in building resilience and ensuring a secure future for flood-prone communities.

## What would have happened today without the homestead plinth elevation initiative?

Without the Char Kapasia Plinth Elevation Model, vulnerable families in Vati Kapasia Union would have continued to suffer the devastating impacts of recurring floods. These events would result in repeated destruction of homes, forcing families to rebuild or relocate after each flood. This relentless cycle would perpetuate economic instability, as resources would be consumed by immediate repairs rather than invested in long-term development.

Livelihoods, heavily reliant on agriculture and livestock, would remain at constant risk. Floods would inundate farmland and result in livestock losses, significantly undermining income and food security. Children's education would be frequently disrupted by school closures, as families would prioritize survival over learning, thereby hindering community development.

Health conditions would deteriorate, with families exposed to waterborne diseases due to contaminated floodwaters and inadequate sanitation. The psychological toll of repeated losses and displacement would exacerbate the community's vulnerability. Environmental degradation, including worsening soil erosion, would continue unchecked without the tree barriers introduced by the model.

In the absence of the Char Kapasia Plinth Elevation Model, the community would remain trapped in a cycle of disaster vulnerability, economic insecurity, and social stagnation. This model has been pivotal in breaking that cycle by providing stability, safeguarding livelihoods, improving health, and fostering resilience, thereby transforming the future for these flood-prone families.

## Lessons learnt and potential for scalability

The Char Kapasia Plinth Elevation Model has provided valuable insights into enhancing resilience in flood-prone communities while ensuring uninterrupted economic activities and improved financial stability. Engaging local groups like the Community Resilience Action Group (CRAG) and Union Parishad ensures that interventions align with actual community needs, fostering local ownership and long-term sustainability. Combining structural measures, such as plinth elevation, with environmental efforts like tree planting creates lasting resilience against floods. A phased approach enables continuous learning, resource optimization, and adaptation, enhancing the project's overall effectiveness and reach.

The pilot phase supported 15 vulnerable households, laying a foundation for scalability. Expansion plans include assisting 35 more households in Vati Kapasia Union. The model's success has sparked interest in other flood-prone regions, showcasing its potential for replication and broader application. This approach offers a sustainable and adaptable framework for addressing flood challenges and improving community resilience across similar contexts.

FRP GP-11

# উঁচু স্তম্ভমূলে দাঁড়িয়ে বন্যা সহনশীল বসতবাড়ি

11




রংপুর জেলার লালমনিরহাটের গড্ডিমারী এলাকায় বসবাসকারী নুরুজ্জামান (৫২) ও তাঁর স্ত্রী হোসেনারা (৪৫) অ্যালায়েন্স কর্মসূচির সুবিধাভোগী। তাঁদের পরিবারে তিন কন্যা ও দুই পুত্রসন্তান রয়েছে—ইয়াসমিন (১৫), রারাসেল (৬), ইয়াসিন এবং রাশিদা (২৩)। তিস্তা নদীর তীরবর্তী এই অঞ্চলে অবস্থানের কারণে তারা নিয়মিত বন্যার ঝুঁকির সম্মুখীন হন এবং স্থানীয়ভাবে সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর মধ্যে অন্তর্ভুক্ত। ছবি: গ্যাভিন ডগলাস / কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড

## পটভূমি

গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার ভাটি কাপাসিয়া ইউনিয়নের মানুষ প্রতি বছর বন্যার কারণে নানা সমস্যার মুখোমুখি হয়। এই এলাকা নিচু হওয়ার কারণে বন্যার পানি সহজেই প্রবেশ করে, ফলে ঘরবাড়ি ও ফসলের ব্যাপক ক্ষতি হয়। এতে স্থানীয়দের জীবনযাত্রা ব্যাহত হয়, অনেক সময় খাবার ও বিশুদ্ধ পানির সংকট দেখা দেয়। পাশাপাশি, জলবাহিত রোগের ঝুঁকি বেড়ে যায়। অনেক পরিবারকে তাদের ঘরবাড়ি বারবার মেরামত করতে হয়, কেউ কেউ আবার অন্যত্র চলে যেতে বাধ্য হয়। এতে তাদের আর্থিক অনিশ্চয়তা আরও বাড়ে এবং পরিবারের নিরাপত্তা হুমকির মুখে পড়ে।

বন্যা দরিদ্র জনগোষ্ঠীর ওপর ভয়াবহ প্রভাব ফেলে। অনেক সময় ঘরবাড়ি ভেসে যায় বা মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়, ফলে পরিবারগুলোকে অস্থায়ী আশ্রয়ে থাকতে হয়। গবাদিপশু, শস্য ও খাদ্য মজুদ নষ্ট হয়ে যায়, যা তাদের জীবিকার ওপর বড় ধাক্কা তৈরি করে। অনেকেই এই ক্ষতি কাটিয়ে উঠতে ঋণের ওপর নির্ভরশীল হয়ে পড়ে, যা তাদের আরও দারিদ্র্যের দিকে ঠেলে দেয়। বন্যার ক্ষতি কাটিয়ে ওঠা তাদের জন্য কঠিন হয়ে দাঁড়ায়, কারণ বারবার এই দুর্যোগের কারণে তারা কোনো টেকসই সমাধানে পৌঁছাতে পারে না।

এই ধরনের চ্যালেঞ্জ মোকাবেলায় দীর্ঘমেয়াদী ব্যবস্থা গ্রহণ করা অত্যন্ত জরুরি। বন্যার ক্ষয়ক্ষতি কমাতে এবং স্থানীয় জনগোষ্ঠীর সহনশীলতা বাড়াতে টেকসই পদক্ষেপ গ্রহণ না করলে, এই পরিবারগুলো দারিদ্র্যের চক্র থেকে বের হতে পারবে না।

## কাঠামো নির্মাণের প্রক্রিয়া

কাপাসিয়া ইউনিয়নে বসতবাড়ি উঁচু করার উদ্যোগটি বন্যার ক্ষতি কমানোর জন্য নেওয়া হয়েছে। ফ্লাড রেজিলিয়েন্স প্রজেক্ট (FRP) এই উদ্যোগের নেতৃত্ব দিচ্ছে, যেখানে কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গ্রুপ (CRAG) এবং স্থানীয় সংস্থাগুলো সহযোগিতা করছে। প্রকল্পটি বসতবাড়ি উঁচু করা, বন্যা প্রতিরোধে গাছ লাগানো এবং স্থানীয় জনগণের সম্পৃক্ততা বাড়ানোর ওপর গুরুত্ব দিচ্ছে। এতে ঝুঁকিপূর্ণ পরিবারগুলো নিরাপদ আশ্রয় পাচ্ছে এবং তাদের জীবনযাত্রার মান উন্নত হচ্ছে।

সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা পরিবারগুলো চিহ্নিত করতে FRP, CRAG, এবং ইউনিয়ন পরিষদ একসঙ্গে কাজ করে। তারা বাড়ি-বাড়ি গিয়ে মূল্যায়ন করে এবং বন্যার উচ্চ ঝুঁকিতে থাকা ৫০টি পরিবারকে প্রাথমিকভাবে তালিকাভুক্ত করে। এরপর বসতবাড়িগুলোর মূল স্তম্ভ বন্যার পানির স্তর থেকে ৩-৪ ফুট উঁচু করা হয়, যাতে ঘরগুলো নিরাপদ থাকে।

প্রতিটি পরিবারের জন্য বাজেট নির্ধারণ করা হয় এবং প্রথম ধাপে ১৫টি পরিবারকে সহায়তা দেওয়া হয়। এতে তারা বন্যার ক্ষতি থেকে নিজেদের বাড়ি রক্ষা করতে পারে এবং আবারও স্বাভাবিক জীবনে ফিরতে পারে। এই উদ্যোগ শুধু ঘর রক্ষা করাই নয়, বরং পরিবারগুলোর জীবন ও জীবিকা স্থিতিশীল করতেও সাহায্য করছে।

## উঁচু স্তম্ভ বসতবাড়ির প্রভাব

প্রথম পর্যায়ে, ১৫টি পরিবার তাদের বাড়ি বন্যার কবল থেকে রক্ষা করতে এবং জীবিকা পুনরায় শুরু করতে সহায়তা পেয়েছে। ভাটি কাপাসিয়ায় উঁচু স্তম্ভের বসতবাড়ি মডেলটি বন্যার বিরুদ্ধে সুরক্ষা দিয়েছে এবং অর্থনৈতিক স্থিতিশীলতা বৃদ্ধি করেছে। এর ফলে ঝুঁকিপূর্ণ পরিবারগুলোর জীবনযাত্রা উন্নত হয়েছে।

বন্যার স্তরের উপরে বসতবাড়ি নির্মাণ করায় পরিবারগুলো এখন বন্যার সময় নিরাপদ থাকতে পারছে এবং তাদের দৈনন্দিন কাজকর্ম চালিয়ে যেতে পারছে। গবাদি পশু পালন সুরক্ষিত হয়েছে, অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত হয়েছে, এবং শিশুরা পড়াশোনা চালিয়ে যেতে পারছে। এসব পরিবর্তন পুরো কমিউনিটির দীর্ঘমেয়াদী উন্নয়নে সাহায্য করছে।

বসতবাড়ির আশেপাশে বৃক্ষরোপণের ফলে পরিবেশের উন্নতি হয়েছে। এই গাছগুলো বন্যার সময় প্রাকৃতিক প্রতিবন্ধক হিসেবে কাজ করছে, মাটির ক্ষয় কমাচ্ছে এবং ফল ও ফসলের মাধ্যমে বাড়তি আয়ের সুযোগ তৈরি করছে।

উঁচু বসতবাড়ির কারণে জলবাহিত রোগের ঝুঁকি কমেছে, ফলে মানুষের স্বাস্থ্য ভালো থাকছে। উন্নত স্যানিটেশন ব্যবস্থা ও স্বাস্থ্যঝুঁকি হ্রাস পাওয়ায় জীবনযাত্রার মান বেড়েছে, যা শিশুদের পড়াশোনা এবং পুরো কমিউনিটির উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলেছে।

## স্থায়িত্ব

ভাটি কাপাসিয়া এবং অন্যান্য অঞ্চলে উঁচু স্তম্ভের বসতবাড়ি মডেল দীর্ঘমেয়াদে কার্যকর রাখতে নিয়মিত রক্ষণাবেক্ষণ জরুরি। বিশেষ করে বৃষ্টি ও বন্যার পরে বাড়ির স্তম্ভগুলোর ক্ষতি এড়াতে পর্যবেক্ষণ ও মেরামত করা দরকার।

বাড়ির মালিকরাই তাদের ঘর রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। তারা বাড়ির আশেপাশে গাছ লাগিয়ে এবং সেগুলোর যত্ন নিয়ে বন্যার বিরুদ্ধে প্রাকৃতিক প্রতিরক্ষা গড়ে তুলছেন। এছাড়া, সঠিক নিষ্কাশন ব্যবস্থাপনার মাধ্যমে জলাবদ্ধতা প্রতিরোধ করা সম্ভব হচ্ছে।

কমিউনিটির সক্রিয় অংশগ্রহণ এবং পরিবেশ সংরক্ষণের বিষয়ে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে এই উদ্যোগ সফল হচ্ছে। স্থানীয় সংস্থাগুলোর সহযোগিতা, প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা এবং টেকসই কৃষি চর্চার মাধ্যমে মাটির স্বাস্থ্য ভালো রাখা সম্ভব হচ্ছে। এসব প্রচেষ্টার মাধ্যমে ভাটি কাপাসিয়া মডেলটি বন্যার বিরুদ্ধে দীর্ঘমেয়াদী প্রতিরোধ গড়ে তুলতে সক্ষম হয়েছে এবং মানুষের জীবন ও জীবিকা রক্ষা করছে।

## বন্যা সহনশীলতা

### বন্যার সাথে সহাবস্থান ও উঁচু বসতবাড়ির গুরুত্ব

যেহেতু বন্যা ভাটি কাপাসিয়ার মানুষের জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ, তাই পরিবারগুলোর জন্য এর সঙ্গে মানিয়ে নেওয়া জরুরি। বসতবাড়ির স্তম্ভ উঁচু করা একটি কার্যকর ও বাস্তবসম্মত সমাধান, যা পরিবারগুলোকে স্থিতিশীলতা ও নিরাপত্তা প্রদান করে। এই উদ্যোগের ফলে বন্যার সময় পরিবারগুলোকে আর অন্য কোথাও আশ্রয় নিতে হয় না, বরং তারা নিজেদের বাড়িতেই নিরাপদে থাকতে পারে। এছাড়া, এই উঁচু বাড়িগুলো গবাদি পশুর জন্যও নিরাপদ আশ্রয় হিসেবে কাজ করে, যা তাদের গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সম্পদ রক্ষা করে।

### ভাটি কাপাসিয়া মডেলের ইতিবাচক পরিবর্তন

ভাটি কাপাসিয়া মডেলটি বন্যা মোকাবিলার একটি সফল উদাহরণ, যা সমাজের বন্যা প্রতিরোধ এবং পুনরুদ্ধারের সক্ষমতা বাড়িয়েছে। বসতবাড়িগুলোকে বন্যার স্তরের ওপরে তুলে দেওয়ার ফলে পরিবারগুলো বাস্তুচ্যুতি ও সম্পদের ক্ষতি থেকে রক্ষা পেয়েছে। এর ফলে কৃষি ও গবাদি পশু পালন অব্যাহত রাখা সহজ হয়েছে।

উঁচু বাড়ির চারপাশে গাছ লাগানোর ফলে এটি প্রাকৃতিক প্রতিরক্ষা দেয়াল হিসেবে কাজ করছে, যা বন্যার গতি কমিয়ে মাটির ক্ষয় রোধ করছে। পাশাপাশি, এসব গাছ থেকে ফল ও ফসল পাওয়া যাচ্ছে, যা বাড়তি আয় ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করছে।

### স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক উন্নয়ন

উঁচু বসতবাড়ি শুধু অর্থনৈতিক সুরক্ষা দিচ্ছে না, এটি স্বাস্থ্য সুরক্ষাতেও ভূমিকা রাখছে। জলবাহিত রোগের ঝুঁকি কমায় এবং স্বাস্থ্যবিধি উন্নত করে, যা মানুষের সুস্থতা নিশ্চিত করছে। শিশুরা নিরাপদভাবে স্কুলে যেতে পারছে, ফলে তাদের পড়াশোনায় কোনো বাধা আসছে না।

এছাড়া, এই উদ্যোগের সফল বাস্তবায়নে পুরো কমিউনিটির সক্রিয় অংশগ্রহণ সামাজিক সংহতি বাড়িয়েছে। তারা একসঙ্গে কাজ করে নিজেদের দায়িত্ব ভাগাভাগি করছে, যা তাদের সহযোগিতার মনোভাবকে শক্তিশালী করেছে।

### টেকসই ভবিষ্যতের দিকে এক ধাপ এগিয়ে

এই সামগ্রিক পদ্ধতি শুধু বসতবাড়ির সুরক্ষা দিচ্ছে না, বরং অর্থনৈতিক স্থিতিশীলতা ও সামাজিক ক্ষমতায়নকেও নিশ্চিত করছে। বারবার বন্যা আসার পরেও এই পরিবারগুলো তাদের জীবনমান উন্নত করতে পারছে। ভাটি কাপাসিয়া মডেলটি দেখিয়ে দিয়েছে যে, বন্যাপ্রবণ এলাকায় টেকসই হস্তক্ষেপ কিভাবে একটি নিরাপদ ভবিষ্যত গড়ে তুলতে পারে।

### উঁচু স্তম্ভের বসতবাড়ি না থাকলে কী হতো?

ভাটি কাপাসিয়া মডেলের উঁচু স্তম্ভের বসতবাড়ি না থাকলে, ভাটি কাপাসিয়া কমিউনিটির মানুষদের বারবার বন্যার ধ্বংসযজ্ঞের শিকার হতে হতো। প্রতি বছর বন্যার পর তাদের ঘরবাড়ি নষ্ট হয়ে যেত, ফলে নতুন করে ঘর তৈরি করতে বা অন্যত্র চলে যেতে বাধ্য হতো। এতে তাদের আয়-রোজগার ও উন্নতির সুযোগ কমে যেত, কারণ তারা ভবিষ্যতের জন্য সঞ্চয় বা বিনিয়োগের বদলে ঘর মেরামতে সব টাকা খরচ করতে বাধ্য হতো।

এই এলাকার মানুষ কৃষি ও গবাদিপশুর ওপর নির্ভরশীল। কিন্তু বারবার বন্যায় তাদের ফসল ও গবাদিপশু ক্ষতিগ্রস্ত হতো, যা খাদ্য সংকট তৈরি করত এবং পরিবারগুলোর আয়ের পথ সংকুচিত করত। বন্যার কারণে স্কুল বন্ধ হয়ে গেলে শিশুদের পড়াশোনায় বিঘ্ন ঘটত, কারণ তখন বেঁচে থাকাই প্রধান চিন্তার বিষয় হয়ে উঠত। ফলে পুরো কমিউনিটির ভবিষ্যৎ উন্নয়ন বাধাগ্রস্ত হতো।

এছাড়া, বন্যার দূষিত পানি ও নোংরা পরিবেশের কারণে মানুষ নানা ধরনের জলবাহিত রোগে আক্রান্ত হতো। একের পর এক ক্ষতি ও বাস্তুচ্যুতির মানসিক চাপ পরিবারগুলোর জন্য বড় ধরণের দুর্ভোগ সৃষ্টি করত। একই সঙ্গে, মাটির ক্ষয় ও পরিবেশগত বিপর্যয় বাড়তে থাকত, যা দীর্ঘমেয়াদে এলাকার পরিস্থিতিকে আরও খারাপ করত।

ভাটি কাপাসিয়ার উঁচু বসতবাড়ির মডেল না থাকলে, এখানকার মানুষ দুর্যোগ, অর্থনৈতিক অনিশ্চয়তা এবং স্থায়ীভাবে পিছিয়ে পড়ার চক্রে আটকে থাকত। কিন্তু এই মডেল স্থিতিশীলতা বাড়িয়েছে, জীবিকা রক্ষা করেছে, স্বাস্থ্য ও পরিবেশের উন্নতি করেছে এবং মানুষকে বন্যার ধকল সামলে এগিয়ে যাওয়ার সুযোগ করে দিয়েছে।

### শেখার বিষয় ও অন্য জায়গায় প্রয়োগের সম্ভাবনা

ভাটি কাপাসিয়া মডেল শুধু বন্যাপ্রবণ এলাকায় বসবাসকারী মানুষদের টিকে থাকার উপায় দেয়নি, বরং তাদের জীবনমান উন্নত করার পথ দেখিয়েছে। কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গ্রুপ (CRAG) ও ইউনিয়ন পরিষদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করেছে যে এই উদ্যোগ বাস্তব প্রয়োজনের সাথে মানানসই এবং স্থানীয়দের জন্য দীর্ঘমেয়াদে উপকারী।

বৃক্ষরোপণসহ পরিবেশবান্ধব উদ্যোগের মাধ্যমে বন্যার ক্ষতি কমানো ও টেকসই সমাধান নিশ্চিত করা হয়েছে। প্রথম পর্যায়ে ১৫টি দুর্বল পরিবারকে সহায়তা দেওয়া হয়েছে, যা ভবিষ্যতে আরও সম্প্রসারণের ভিত্তি তৈরি করেছে। পরিকল্পনা অনুযায়ী, ভাটি কাপাসিয়ায় আরও ৩৫টি পরিবারকে এই সুবিধার আওতায় আনার পরিকল্পনা রয়েছে।

এই মডেলের সাফল্য অন্যান্য বন্যাপ্রবণ এলাকায়ও আগ্রহ তৈরি করেছে, যা এর প্রসার ও প্রয়োগযোগ্যতা বাড়াচ্ছে। ভাটি কাপাসিয়ার এই উদ্যোগ বন্যার চ্যালেঞ্জ মোকাবিলার একটি কার্যকর উপায় এবং অন্যান্য এলাকার জন্য একটি আদর্শ মডেল হয়ে উঠতে পারে।

FRP GP-12

12

# The early warning system: An effective strategy for flood resilience



*In Nobabganj, Sundarganj, the Union Parishad has issued a forecast regarding the rising water levels in the Teesta River, following several days of heavy rainfall. Mohammad Dukhu Mia (38) was the first to take action, spreading the news throughout the community and raising awareness among residents and to prepare to face the possible disaster. Photo: Saikat Mojumder/Concern Worldwide*

## The context

Flooding is a recurring and devastating issue in the Hatibandha sub-district of Lalmonirhat district in Bangladesh. Communities in this region are frequently caught off-guard by the arrival of floodwaters, as the lack of reliable early warning systems meant that residents often had little to no time to secure their homes, move livestock and valuables, or evacuate to safer areas before the floods struck. This left them highly vulnerable to the devastating impacts of the floods, including loss of life, damage to property, and disruption to livelihoods.

The lack of flood forecasting stations upstream of Hatibandha sub-district and limited forecasting for Sundarganj sub-district increased the flood risk of the downstream communities, particularly due to the Teesta Barrage's impact during increased flow. Therefore, tailored local level flood forecasts in an understandable and actionable format had been perquisite for enhancing community resilience.

## The process of building the system

The solution to this problem was the establishment of a localized early warning system (EWS) that provided real-time flood alerts and information, giving communities the crucial lead time, they needed to take protective measures. This community-based EWS involved a network of local volunteers and authorities who worked together to receive, interpret, and disseminate flood warnings to at-risk communities. The system utilized a combination of modern meteorological data and traditional ecological knowledge to provide accurate and timely alerts, which were communicated through multiple channels such as mobile phone SMS, loudspeaker announcements, and physical flood risk markers.

The Flood Resilience Measurement for Communities (FRMC) framework was used to assess the community's flood resilience and guide the development of resilience-building interventions. By evaluating 44 resilience indicators across the five capital

domains (human, social, physical, natural, and financial), the framework enabled a deep, multi-dimensional understanding of the community's strengths and weaknesses in the face of flooding. This informed the implementation of targeted initiatives to enhance the community's overall resilience.

RIMES, supported by the Flood Resilience Project (FRP), made an effort to broadcast localized action-oriented early warning messages and advisories to stakeholders at all levels in real time, to reduce some of the gaps in access to early warning information. For this purpose, field teams generated a list of voice message recipients from targeted unions, upazila and districts. The voice message recipients include but not limited to the community members, local service providers, market actors, private sector agents, Union Disaster Management Committee (UDMC) members, Upazila Disaster Management Committee (UzDMC) members, local government, government stakeholders, etc. In addition to the initial list, contact numbers of some field staff, partner office staff and project staff were included in the list to maximize reach of information.

The praise from the Regional Integrated Multi-Hazard Early Warning System (RIMES), a renowned regional organization focused on multi-hazard early warning systems, underscores the effectiveness and importance of the community-based EWS developed by FRP. RIMES' endorsement validates the robust and innovative approach taken, which integrates state-of-the-art meteorological data with local knowledge and community engagement.

### The outputs and outcomes

In July 2024, the success of this community-based EWS was demonstrated when the Community Resilience Action Group (CRAG) received real-time flood warnings and quickly mobilized to relay the information to the wider community. Residents were able to heed the warnings, monitor water levels using the flood risk poles, and take necessary precautions such as securing their homes, relocating livestock and valuables, and evacuating to designated safe areas. As a result, the community was able to minimize the impact of the flood, with reduced damage to property and livestock, and no reported loss of life.

During 2023-24, three thousand people received the early flood warning four times a year.

### Towards the sustainability

Strong partnership between service providers such as RIMES and Bangladesh Water Development Board has created sustainability as RIMES has supported and strengthened the capacity of government institutions on disseminating locally adapted early warning messages. The project also utilized existing community structures and cost-effective methods which can be sustained in the long run.

### Resilience

People are now receiving early warning messages in 36 – 72 hours in advance of flooding and are taking action by getting prepared for rice harvest, removing livestock and vulnerable people (children, pregnant women and elders) to shelters. People also are planting early maturing rice varieties in the early flood areas andwith the warning of ensuing flooding, farmers don't hesitate to harvest rice early at 70 – 80% maturity stage.

### What would have happened today without the EWS?

Without the EWS, the loss of crop and property damage would have continued. People would have seen flood water beneath their beds when woke up.

### Lessons learnt and potential for scalability

The key lessons learned from this initiative are the critical importance of providing early flood warnings to communities and the value of empowering local authorities and residents to actively participate in the early warning and disaster preparedness process. By giving households and the UDMC advance notice, the EWS enabled them to take timely and appropriate actions to safeguard lives, livelihoods, and property. This underscores the transformative potential of community-based EWS in building flood resilience.

Overall, this community-based EWS for flood early warning in the Hatibandha upazila represents a compelling case study of how the integration of modern science and traditional knowledge, coupled with strong community engagement, can significantly enhance the resilience of vulnerable populations to natural disasters. The success of this initiative serves as a model for replication and scaling in other flood-prone regions, with the potential to save countless lives and livelihoods.

**"The key lessons learned from this initiative are the critical importance of providing early flood warnings to communities and the value of empowering local authorities and residents to actively participate in the early warning and disaster preparedness process."**

FRP GP-12

12

# আগাম সতর্কবার্তা ব্যবস্থা: বন্যা সহনশীলতার জন্য একটি কার্যকর কৌশল



সুন্দরগঞ্জের নবাবগঞ্জ এলাকায় টানা কয়েক দিনের ভারী বৃষ্টিপাতের পর তিস্তা নদীর পানি বৃদ্ধি পাওয়ায় ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষ আগাম সতর্কবার্তা জারি করে। এই পরিস্থিতিতে মোহাম্মদ দুখু মিয়া (৩৮) সর্বপ্রথম উদ্যোগ গ্রহণ করে বিষয়টি দ্রুত কমিউনিটির মধ্যে ছড়িয়ে দেন এবং সম্ভাব্য দুর্যোগ মোকাবিলায় প্রস্তুত থাকার জন্য স্থানীয়দের সচেতন করেন। ছবি: সৈকত মজুমদার / কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড

## প্রেক্ষাপট

বাংলাদেশের লালমনিরহাট জেলার হাতিবান্ধা উপজেলায় বন্যা একটি নিয়মিত ও ধ্বংসাত্মক সমস্যা। এই এলাকার মানুষ প্রায়ই বন্যার পানি হঠাৎ আসায় সম্পূর্ণ অপ্রস্তুত অবস্থায় পড়ে যায়। কারণ, এখানে নির্ভরযোগ্য কোনো পূর্বাভাস ব্যবস্থা ছিল না। ফলে মানুষ ঘরবাড়ি রক্ষা, গবাদি প্রানী ও মূল্যবান জিনিসপত্র সরিয়ে নেওয়া বা নিরাপদ আশ্রয়ে যাওয়ার সময় পায় না। এতে জান-মালের ক্ষয়ক্ষতির ঝুঁকি বাড়ে এবং জীবিকা মারাত্মকভাবে ব্যাহত হয়।

হাতিবান্ধা উপজেলার উজানে (উপরের অংশে) বন্যা পূর্বাভাস কেন্দ্রের অভাব এবং সুন্দরগঞ্জ উপজেলার জন্য সীমিত পূর্বাভাস ব্যবস্থা তিস্তা ব্যারাজের পানিপ্রবাহ বৃদ্ধি পাওয়ায় নিচু এলাকার ঝুঁকি আরও বৃদ্ধি পায়। এই প্রেক্ষাপটে, স্থানীয় পর্যায়ে সহজবোধ্য ও ব্যবহারযোগ্য বন্যা পূর্বাভাস চালু করা খুবই জরুরি ছিল, যাতে কমিউনিটির সহনশীলতা বাড়ানো যায়।

## ব্যবস্থা গড়ে তোলার প্রক্রিয়া

এই সমস্যার সমাধানে চালু করা হয় একটি **স্থানীয় ভিত্তিক আগাম সতর্কবার্তা ব্যবস্থা (EWS)**, যা বাস্তবসম্মত ও দ্রুত বন্যা পূর্বাভাস দিয়ে কমিউনিটিকে আগেভাগে সুরক্ষামূলক ব্যবস্থা নিতে সহায়তা করে। এই EWS ব্যবস্থায় স্থানীয় স্বেচ্ছাসেবক ও কর্তৃপক্ষ একসঙ্গে কাজ করেন। তারা বন্যার সতর্কতা গ্রহণ, বিশ্লেষণ এবং ঝুঁকিপূর্ণ এলাকায় তা ছড়িয়ে দেওয়ার দায়িত্ব পালন করেন।

এই ব্যবস্থা আধুনিক আবহাওয়া তথ্য ও স্থানীয় পরিবেশগত জ্ঞান মিলিয়ে নির্ভরযোগ্য পূর্বাভাস তৈরি করে, যা মোবাইল ফোনের এসএমএস, মাইকিং ও ফ্লাড মার্কারের (পানির স্তরের চিহ্ন) মাধ্যমে ছড়িয়ে দেওয়া হয়। এতে কমিউনিটির মানুষ আগেই সতর্ক হতে পারে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে।

**Flood Resilience Measurement for Communities (FRMC)** নামক মোবাইল অ্যাপস পদ্ধতি ব্যবহার করে কমিউনিটির বন্যা সহনশীলতা মূল্যায়ন করা হয়। এই কাঠামো মানব, সামাজিক, ভৌত, প্রাকৃতিক ও আর্থিক—এই পাঁচটি মূল ক্ষেত্রভিত্তিক ৪৪টি সূচকের মাধ্যমে কমিউনিটির শক্তি ও দুর্বলতা বিশ্লেষণ করে। এর ভিত্তিতে বন্যা মোকাবেলায় নির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**RIMES**, FRP (Flood Resilience Project)-এর সহায়তায়, স্থানীয়ভাবে ব্যবহারযোগ্য ও তাৎক্ষণিক পদক্ষেপ নেওয়া যায় এমন বার্তা ও পরামর্শ প্রচারের উদ্যোগ নেয়। এর মাধ্যমে ইউনিয়ন, উপজেলা এবং জেলা পর্যায়ে সব ধরনের অংশীজনকে আগেভাগে তথ্য পৌঁছে দেওয়া হয়।

এ জন্য মাঠ পর্যায়ে একটি বিস্তারিত ফোন নম্বরের তালিকা তৈরি করা হয়। এতে অন্তর্ভুক্ত ছিল: কমিউনিটির মানুষ, স্থানীয় সেবা প্রদানকারী, বাজার সংশ্লিষ্ট ব্যক্তি, বেসরকারি খাতের প্রতিনিধি, ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য, স্থানীয় সরকার প্রতিনিধি, সরকারি কর্মকর্তাসহ অনেকে। এছাড়াও তথ্যের পরিসর বাড়াতে মাঠ কর্মী, অংশীদার সংস্থা ও প্রকল্প সংশ্লিষ্টদের যোগাযোগ নম্বরও তালিকায় যুক্ত করা হয়।

এই উদ্যোগের ফলে তথ্য দ্রুত ছড়িয়ে পড়ে এবং বন্যা আসার আগেই মানুষ প্রস্তুতি নিতে পারে, যা কমিউনিটির ক্ষয়ক্ষতি অনেকাংশে কমিয়ে আনে।

বহু-ঝুঁকিপূর্ণ প্রাকৃতিক দুর্যোগ পূর্বাভাস প্রদানকারী আঞ্চলিক প্রতিষ্ঠান (Regional Integrated Multi-Hazard Early Warning System--RIMES) কমিউনিটিভিত্তিক এই আগাম সতর্কবার্তা ব্যবস্থার (EWS) কার্যকারিতা ও গুরুত্বকে স্বীকৃতি দিয়েছে। ফলে এই উদ্যোগের উদ্ভাবনী ও শক্তিশালী পদ্ধতির সত্যতা নিশ্চিত করে। এই পদ্ধতিতে আধুনিক আবহাওয়া তথ্য, স্থানীয় অভিজ্ঞতা এবং কমিউনিটির সক্রিয় অংশগ্রহণের সফল সমন্বয় ঘটেছে।

## ফলাফল ও অর্জন

২০২৪ সালের জুলাই মাসে এই কমিউনিটিভিত্তিক সতর্কবার্তা ব্যবস্থার সাফল্য স্পষ্টভাবে দেখা যায়। **কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গ্রুপ (CRAG)** দ্রুত বাস্তবসম্মত বন্যা পূর্বাভাস পায় এবং তাৎক্ষণিকভাবে তা পুরো কমিউনিটিতে ছড়িয়ে দেয়। বাসিন্দারা সতর্কবার্তা অনুযায়ী বন্যার পানি পর্যবেক্ষণ করে, বন্যা চিহ্নিত খুঁটি দেখে ব্যবস্থা নেয়। তারা ঘরবাড়ি সুরক্ষিত করে, গবাদি প্রাণী ও মূল্যবান জিনিস নিরাপদ স্থানে সরিয়ে নেয় এবং নিরাপদ আশ্রয়ে চলে যায়। ফলে সম্পদের ক্ষতি এবং প্রাণহানির ঝুঁকি অনেক কমে যায়।

২০২৩-২৪ সালে মোট ৩,০০০ মানুষ বছরে চারবার আগাম বন্যা সতর্কবার্তা পেয়েছে।

## টেকসই উন্নয়নের পথে

RIMES ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মতো সেবাদানকারী প্রতিষ্ঠানের শক্তিশালী অংশীদারিত্ব এই ব্যবস্থাকে টেকসই করেছে। RIMES সরকারি প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করেছে, যাতে তারা স্থানীয়ভাবে উপযোগী সতর্কবার্তা তৈরি ও প্রচার করতে পারে। প্রকল্পটি স্থানীয় কাঠামো ব্যবহার করেছে এবং স্বল্প ব্যয়েই এমন ব্যবস্থা তৈরি করেছে, যা ভবিষ্যতেও টিকে থাকতে পারবে।

## সহনশীলতা

এখন মানুষ বন্যার ৩৬ থেকে ৭২ ঘণ্টা আগেই সতর্কবার্তা পাচ্ছে এবং প্রয়োজনীয় প্রস্তুতি নিচ্ছে। ধান কাটা, গবাদি প্রানী ও ঝুঁকিপূর্ণ মানুষ (যেমন শিশু, গর্ভবতী নারী, প্রবীণ) নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হচ্ছে। আগাম বন্যাপ্রবণ এলাকায় কৃষকরা এখন আগাম ফলনশীল ধানের জাত রোপণ করছেন। সতর্কবার্তা পাওয়ার সঙ্গে সঙ্গে তারা ৭০-৮০% পরিপক্ব ধান কেটে ফেলছেন, যাতে ফসল ক্ষতির হাত থেকে রক্ষা পায়।

## অর্জিত শিক্ষা ও সম্প্রসারণ সম্ভাবনা

এই উদ্যোগ থেকে একটি বড় শিক্ষা হলো – কমিউনিটিকে আগাম বন্যা সতর্কবার্তা প্রদান করা অত্যন্ত জরুরি, এবং স্থানীয় সরকার ও জনগণকে সক্রিয়ভাবে প্রস্তুতির প্রক্রিয়ায় যুক্ত করা গুরুত্বপূর্ণ। আগাম সতর্কতা পেয়ে পরিবার ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (UDMC) সময়মতো সঠিক পদক্ষেপ নিতে পারছে, ফলে জানমাল রক্ষা সম্ভব হচ্ছে।

এই অভিজ্ঞতা দেখিয়েছে, কিভাবে কমিউনিটিভিত্তিক একটি প্রারম্ভিক সতর্কবার্তা ব্যবস্থা (EWS) বন্যা সহনশীলতা গঠনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

সামগ্রিকভাবে, হাতিবান্ধা উপজেলায় এই কমিউনিটিভিত্তিক EWS একটি সফল উদাহরণ—যেখানে আধুনিক বৈজ্ঞানিক তথ্য, স্থানীয় জ্ঞান এবং কমিউনিটির সক্রিয় অংশগ্রহণ একত্রে দুর্যোগে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সহনশীলতা বৃদ্ধি করেছে। এই মডেলটি অন্যান্য বন্যাপ্রবণ এলাকায় প্রয়োগযোগ্য এবং বিপুলসংখ্যক জীবন ও জীবিকা রক্ষা করার সম্ভাবনা রাখে।

> EWS-এর মাধ্যমে উপযুক্ত এবং সময়োপযোগী পদক্ষেপ নিতে সক্ষম হওয়া, যা তাদের জীবন, জীবিকা এবং সম্পত্তি রক্ষা করতে সহায়ক হয়েছে।

Members of the Zurich Climate Resilience Alliance are funded by the Z Zurich Foundation, with the exception of Zurich Insurance Group. However, the views expressed in this publication do not necessarily reflect the official position of either the Foundation or the company.

Powered by: ZURICH Foundation

Concern worldwide